

# কলিকাতা :

সমাজপতি ৬ বস্থ কর্তৃক ৪৯, কর্ণওয়ালিস্ খ্রীট্ হইতে প্রকাশিত। ১৩১৩।

এক টাকা।

কলিকাত৷ ৭৬ নং বলরাম দে খ্রীট্,

মেট্কাক্ প্রেসে মৃদ্রিত।

বেণু ও বীণা।

# ভূমিকা।

'বেণু ও বীণা'র অধিকাংশ কবিতা এই প্রথম প্রকাশিত হইল। এই কবিতা গুলি ১৩০০ সাল হুইতে ১৩১৩ সালের মধ্যে রচিত।

এই গ্রন্থে প্রকাশিত কবিতা গুলির নির্বাচন সম্বন্ধে আমার শ্রদ্ধাপদ বন্ধ্ শ্রীস্কু দিজেন্দ্রনারায়ণ বাগ্চী এম্, এ, শ্রীযুক্ত যতীক্রমোহন বাগ্চী বি, এ এবং শ্রীয়ক্ত ধীরেন্দ্রনাথ দত্তের নিকট যথেষ্ট্র সাহায্য পাইরাছি। এজন্ত আমি তাঁহাদের নিকট ক্রতক্ত।

কলিকাতা; ১লা সাখিন, ১৩১৩।

শ্রীসত্যেন্দ্রনাথ দক্ত।

# উৎসর্গ।

যিনি জগতের সাহিত্যকে অলক্কত করিয়াছেন,

যিনি স্বদেশের সাহিত্যকে অমর করিয়াছেন,

যিনি বর্ত্তমান যুগের সর্বশ্রেষ্ঠ লেথক,

সেই অলোকসামান্ত শক্তিসম্পন্ন

কবির উদ্দেশে

এই সামান্ত কবিতাগুলি সসম্বনে অপিত হইল।

# সূচী

বিষয়				পৃষ্ঠা
<b>আ</b> রস্থে	•••	•••	• • •	>
অনিশিতা	• • •		• • •	૭
কিশলয়ের জন্মকং	থা	• • •	••	8
আন-গগনের আ	<u>লো</u>	•••	•••	¢
নব বসন্তে		•••	•••	9
বদন্তে	•••	•••		દ
ফাগুনে	• •	••	•••	> 0
রূপ-স্নান	••	••	••	55
মাঙ্গলিক	••	•••	•••	>>
প্রেম ও পরিণয়		• • •	***	১৩
জ্যোৎস্নালোকে	• • •		• •	>@
স্পূৰ্ম মণি	• • •	•••	• •	>6
রূপ ও প্রেম	• • •	•••		\$ 5
মেঘের কাহিনী	• • •	•••	• • •	٠ ډ
বৰ্ষায়	• • •	•••	• • •	و. ډ
সারিকার প্রতি	• • •	•••		২ ৬
আকুল আহ্বান	•••	•••	•••	> q
অবসান	•	•••	•••	೨೦
আলোকলতা	•••	•••	•••	৩২

বিষয়				পৃষ্ঠা
সাস্থনা		•••	•••	೨೨
উদ্ভান্ত	•••	•••	•••	<b>9</b> 8
বার্থ	•••	•••	•••	૭૯
<u>ज</u> ष्ठ	•••	• • •		৩৬
একদিন-না-একদিন	न	•••	•••	৩৯
নৈশ-তৰ্পণ	***	• • •	•••	85
মৎস্ত-গন্ধা	•••	•••	• • •	<b>e</b> 8
আলেয়া		•••	••	8 🕊
সহমরণ	• • •	• • •	•••	89
চিত্রাপিতা	•••	•••	•••	<b>6</b> 5
<b>মমতাজ</b>	•••	•••	•••	«২
যাত্যর	• • •	***	•••	<b>@8</b>
মমির হস্ত	•••	•••	•••	<i>'</i> 50
ডাকটিকিট		•••	•••	৬২
উকা	•••	•••	•••	. 48
স্বৰ্ণ-গোধা	•••	•••	· ,•	৬৫
প্ৰবাল-দ্বীপ	***		***	৬৬
আগ্নেয় দ্বীপ	•••	•••	•••	৬৭
মূল ও ফুল	•••	•••	•••	শ্বভ
ঝড় ও চারাগাছ	•••	•••	•••	90
জীবন-বন্তা	•••	•••	•••	95
त्कान् (मरम	•••	•••	• • •	৭৩
হেমচ <u>ল</u>	•••	•••	•••	9 €

বিষয়				পৃষ্ঠা
হুর্যোগ	•••	•••	•••	9 ৬
বঙ্গ জননী	•••	•••	•••	40
' <del>স্ব</del> র্গাদপি গরীয়স	ñ'	•••	•••	64
আশার কথা	•••	•••	•••	44
দ্বিতীয় চক্রমা	•••	•••		৮৫
ধশ্মঘট	•••	•••	•••	৮৬
পথে	•••	•••	•••	४२
অন্ধ শিশু	•••	•••	•••	८६
অবগুষ্ঠিতা ভিথা	রিণী	•••	•••	৯২
বিকলাঙ্গী	•••	•••	•••	ನಿತಿ
'কুন্তানাদপি'	•••	•••	•••	36
বহ্যায়	•••	•••	•••	٦٦
দেবীর সিন্দূর	•••	•••	•••	चह
শিশুর স্বপ্নাঞ	•••	•••		202
অঞ্ব	•••			>०२
শ্বলিত পল্লব		•••		> 8
হুদ্দিনে অতিথি			•••	> 0 @
গোলাপ	•••	•••	•••	>09
কুলাচার	•••	•••	•••	५००
ভূলান্য ভিলকদান	•••	•••	•••	>>0
শিশুর <b>আ</b> শ্রয়		•••		>> €
াশ <i>ভ</i> র সালর হাসি-চেনা	•		•••	>>9
হ।।স-ডেন। ব্যীয়ান্	•••	•••	•••	575
ব্বাসাপ্	•••			

বিষয়				পৃষ্ঠা
অরণ্যে রোদন		•••	•••	১২২
দেবতার স্থান		•••	•••	<b>५२७</b>
মেঘের বারতা	•••	•••	•••	>28
অপূর্ব স্ষ্ট		•••		<b>५२</b> ६
'বাতাদী-মা'র দে		•••	•••	১২৬
জীৰ্ণ পূৰ্ণ		•••	•••	254
অক্যুবট		•••	•••	200
শিশুহীন পুরী	•••	•••	•••	202
গণভারা পথহারা	•••	4.0	•••	200
ব্যহায়। নাভাজীর <b>স্থ</b>	•••		•••	200
নাভাগায় বন শুনাবি বীক্ষা'	•••		•••	১৩৬
	•••	•••		১ ৩৮
স্কাণ <b>্ডারা</b>	•••		•••	>8.
অমৃতক্ঠ	•••	•••		>89
মনতা ও ক্ষমতা	•••	•••	•••	284
নামগীন	•••	•••	•••	. 282
আকাশ প্রদীপ	•••	•••	•••	>0.0
শাহারজাদী	•••	•••		24.





বাতাসে যে ব্যথা যেতেছিল ভেসে, ভেসে, যে বেদনা ছিল বনের বুকেরি মাঝে, লুকান' যা'ছিল অগাধ অতল দেশে, তারে ভাষা দিতে বেণু সে ফুকারি' বাজে!

মৃকের স্বপনে মুখর করিতে চায়,
ভিথারী আতুরে দিতে চায় ভালবাসা,
পুলক-প্লাবনে পরাণ ভাসাবে, হায়,
এমনি কামনা—এতথানি তার আশা!

# त्वन् ७ वीना।

হৃদয়ে যে স্থর গুমরি মরিতেছিল, যে রাগিণী কভু ফুটেনি কণ্ঠে—গানে, শিহরি, মূরছি,—সেকি আজ ধরা দিল,— কাঁপিরা, চলিয়া, ঝঙ্কারে—বীণাতানে ?

বিপুল স্থথের আকুল অশ্রধারা,—
মন্মতলের মন্মরময়ী ভাষা,—
ধ্বনিয়া তুলিবে—স্পাননে হ'য়ে হারা,
এমনি কামনা—এতথানি তার আশা!

কতদিন হ'ল বেজেছে ব্যাকুল বেণু, মানসের জলে বেজেছে বিভোল বীণা, তারি মৃচ্ছনা—তারি স্থর রেণু, রেণু, আকাশে বাতাসে ফিরিছে মালয়হীনা!

পরাণ আমার ভনেছে সে মধু বাণী, ধরিবারে তাই চাহে সে তাহারে গানে, হে মানসী-দেবী! হে মোর রাগিণী-রাণী! সে কি কুটিবে না 'বেণু ও বীণা'র তানে?

# অনিন্দিতা।

ধূলিরে স্থন্দর করি এস তুমি, হে স্থন্দরী, ধলা পায়ে এস অনিন্দিতা। পক্ষ-পাথে, আঁথি-পাথী, চাঁদের অমিয়া ছাঁকি' ঢেলে দিক, হে কবি-বন্দিতা! ফুলের মিলেছে লয়. অধর কপোলময় স্থ-ললাট মতির আবাস. সৌন্দর্য্যের ধারা বৃষ্টি, বিধির অপূর্ব্ব স্থাষ্ট, কালিন্দীর উদ্মি কেশপাশ। ফুলের রচিত দেহ, স্নেহ করুণার গেহ— লয়ে এস-পরাণ উদার; অপূর্ব্ব অমৃত-রদে, সিনান করাও এসে. জ্যোৎস্না-ঘন পরশে তোমার! লয়ে এস অকপট আনগো মঙ্গল-ঘট, বেদনা-ব্ঝিতে-পটু মন, ছ'থানি স্নেহের করে জগতেরে রাথ ধরে, রাথ বেঁধে অন্তরে আপন। এস, মন্দ-বায়ু-গতি! সৌন্দর্য্য-রূপিণী সতী! শোন মোর সৌন্দর্য্যের গীতা: একবার পথ ভুলি*,* মনের তুয়ার খুলি,


এদ দেবী-এদ অনিন্দিতা।

# 

# কিশলয়ের জন্মকথা।

চোথ দিয়ে ব'সে আছি, কথন অঙ্কুর ফাটি' বাহিরিবে প্রথম পল্লব ; এক মনে আছি চেয়ে, ধরা যদি পড়ে তাহে— নিথিলের আদি কথা সব।

সারাদিন ব'সে, ব'সে, তন্ত্রা চোথে এল শেষে;
চরাচর ডুবিল তিমিরে;
প্রভাতে দেখিমু জেগে, নয়নে কিরণ লেগে—
কচি পাতা কাঁপিছে সমীরে।



### আন-গগনের আলো।

আমার কুঞ্জে লতার ছয়ার নিবিড় ছিল না ভাল,
তাই ফাঁকি দিয়ে পশেছে আজিকে আন-গগনের আলো;
স্বজনি লো—শব্দ বাজা,—

আজ আসিয়াছে হৃদয়ে আমার, আমার হৃদয়-রাজা !
অরুণ চরণে শরত প্রভাত—
আজি এল যেন তারি সাথে সাথ,
তারি সাথে সাথ নিবতি সলিলে
হুলিয়া উঠিল আলো;

স্তব্ধ হিমার ছু'কূল প্লাবিয়া কিরণে ভরিয়া গেল।

কুঞ্জভবনে লতার ছয়ারে পল্লব দল নাচে, অষ্ত গ্রন্থি তম্ভলতার গুলিলে পরাণ বাচে,

হে উন্মাদ ভালবাসা,—

ছি ড়ে দিলে তুমি সব বন্ধন, তুমি কেড়ে নিলে বাসা !

শরতের আলো—ত্রিলোক জুড়িয়া—
তারি সাথে হিয়া গেল যে উড়িয়া,
বাতাসে চড়িয়া আর কতদ্র

ছুটিব তোমার পাছে,

কোথা যেতে চাও, কোথা লয়ে যাও, হায় গো কাহার কাছে?

# दवनू ७ तीना।

আমার কুঞ্জন্নারের পাশে ছিন্ন লতিকা গুলি— ব্যথিতের মত চেয়ে আছে, হের, মাথিয়া ধরার ধূলি। হে মোর সমুদু-পাথী,—

তবু চলিয়াছি তোমারি সঙ্গে বাগ্র-বাাকুল-ফাঁথি। ভাঙা হৃদয়ের,—নয়ন জলের— মরু, হ্রদ; কত মরীচি—ছলের; হাসির জাোৎস্না স্থথের লহরে

যুম যায় নিরিবিলি;


বিশ্ব-হিয়ার পরতে প্রতে হিয়া মোর গেল মিলি।

বিশ্বে আলোক ফুটেনি, তথন, তুমি এসেছিলে যবে,— অলোক-আলোকে দাঁতারি কথন' তিমিরে কথন' ডুবে। হে বিশ্ব-ভুবনচারী,—

স্ষ্টি-ছাড়া, কি মত্ত্বের বলে, সদন্ত লইলে কাড়ি!
নিমেষে কুটাও নিথিলের ছবি,
নিমেষে বুঝাও বুঝিবার সবি,
নিমেষে ছুটাও তালোকে ভূলোকে

মোহন বংশী রবে;

আমিও ছুটেছি, দাঁ তারি আলোকে—আঁধারে কথন' ভুবে।



### নববসন্তে।

কুলের বনে কুল ফুটেছে,
কোকিল গাহে তায়;
কিরণ কোলে লহর দোলে,
সলিল বহে যায়!
কুলের বনে পরাণ মনে
পুলক উথলায়।
ন্তন প্রতি,
ন্তন প্রতি,
ন্তন প্রতি,
ক্তন প্রতি,
আপন হারা
ন্তন চোথে চায়,
ফুলের বনে, ফুল ফুটেছে,
সমীর মূরছায়।

সোনার মৃগ মৃগীর পানে
সোনার চোথে চায়,
কপোত সনে,
মধুর সনে,
কপোতী গান গায়,

# (वर्ष ७ वीना।

'সোনার ফড়িং তৃণের বনে
বিশ্বির পিছে ধায়;
ন্তন ঋতু, ন্তন রীতি,
ন্তন প্রীতি, ন্তন গীতি,
নিথিল ধরা আপন হারা
সোনার চোথে চান্থ!
ছলের বনে প্রাণ মনে
পুলক উথলায়।

বিভার হ'য়ে চকোর আজি
চাদের পানে চায়,
হাদয় তলে প্রেম উথলে
জ্বগং ভূলে যায়,
চাঁদ সে ভাসে নীল আকাশে
আপন জোছনায়;
তরুণ প্রাণে, নৃতন প্রীতি,
নৃতন রীতি, নৃতন গীতি,
বিভোল্ ধরা আপন হারা
সোনার চোথে চায়;
নিখিল সনে তরুণ মনে
পুলক উথলায়!



### বসন্তে ।

পুলক উষার কিরণ রাগে,
পুলক পাখীর আকুল-গানে;
ফুলের গদ্ধে পুলক জাগে,
প্রেমের পুলক কিশোর প্রাণে!

ন্তন ফ্লের গন্ধ উঠে
দিক্ বিদিকে বায়রে লুটে,
চল্ রে ত্বা, চল্ রে ছুটে,
চল্ রে ছুটে ফ্লের পানে।

বাতাস বেয়ে, বাতাস ছেয়ে,
ফুলের গন্ধ দিশেহারা—
আকাশ পানে চ'ল্ল ধেয়ে,
যেথায় হাসে উজল তারা;

আধেক পথে তারার আলো,—
ফুলের পদ্ধে মিশিয়ে গেল,
বইল ধরায় প্রেমের ধারা,
পুলক ধারা বইল প্রাণে।

# বেণু ও বীণা। ©


### ফাগুনে।

কুল বলে, "আঁথি জলে, ছিন্তু একা, ভ্রিয়্নাপ ;
ত্মি এসে, মৃত হেসে, নব প্রাণ দিলে দান ;
মলিন অধরে, মরি,
তুমি দিলে স্থা ভরি',
তোমার চুম্বনে ফিরে, মনে পড়ে, ভোলা গান।
উদাস নয়নে আলো—
তুমি জালায়েছ ভাল,
এখন মরণ এলে —হাসিমুখে ঢালি প্রাণ।"
মধুকর, গুন্গুনি
বলে, "হায় গুণ গণি'
এমন ফাগুন দিন—হয় বৃঝি অবসান।"

# (वर्ष ७ वीना । . १)

#### রূপ-স্থান।


জৈষ্ঠে মাস--বৃষ্টি হ'য়ে গেছে, আহলাদে আকুলা ভাগীরথী; ন্নিগ্ন বাতে ত্রিলোক ত্রিছে, ক্ষণ যেন সেবি'ছে অতিথি। লালে লাল পশ্চিম আকাশ,---তপ্ত সোনা—সিন্দুরে—হিন্দুলে, অঙ্গে ধরি রক্ত চীনবাস. कारूनी, हरलाइ अलाहरल ! লাকা রাগে রঞ্জিত আকাশে थ छ नील मृक्तामल-शाम, প্রলয়ের রক্তে যেন ভাসে বটের পল্লব অভিরাম.---ছায়া তার রক্তিম গঙ্গায়,— (मथ (চয়ে--- मिवा कामा-कृश, রূপহীনা, কে আছিদ্ আয়— এ ঘাটে নাহিলে হয় রূপ!



### মাঙ্গলিক।

#### খাখাজ।

পরমেশ ! আজি, বরিষ তোমার
আশিষ যুগল শিরে ;
কর পবিত্র, পুলেপরি মত,
এ নব দম্পতীরে ।
আজি হ'তে তা'রা বাহিবে তরণী,
অকূল সিন্ধু-নীরে ;—
রহে যেন নতঃ কিরণে পূরিত,
বারু বহে যেন ধীরে ।
হরষিত শত হৃদয় প্লাবিয়া
আজি যে পুলক ফিরে,—
সে নধুর প্রীতি, যেন দিবা রাতি
যুগলে রহে গো ঘিরে ।



# প্রেম ও পরিণয়।

স্থাথের নিলয়— সেই পরিণয়.— প্রণয় বাহে দৃষ্টি রাথে; লোহার শিকল. নইলে কেবল জীবন পথে বিহু ডাকে। চন্দ্র তারায় সন্ধি ক'রে इ' है कमग्र वन्ती करत, কত যুগযুগান্ত ধ'রে আয়োজন তার চ'ল্তে থাকে। **बक्**षि भाती, बक्षि नत्त्र, অপূর্ণে অথও করে, প্রাচীন ধরায় তরুণ করে.— অরুণ রাগে জগৎ আঁকে ! অমৃত প্রেম মর্ত্তালোকে, অমৃত দে হঃখ শোকে : জীবন পুঁথির জটিল লেখা---স্পষ্ট হয় প্রেমিকের চোথে।



পরিণয়ে সেই সে প্রণয়,
পরিণত যেই দিনে হয়,
সে দিন ফলে অমৃত ফল—
জগং-বিষ-বৃক্ষ-শাথে।

# জ্যোৎসালোকে।

তুমি আছ নিদ্রা-বিভার,
কুলের বিছানা';
জানালা দিয়ে পড়িছে গিয়ে
আকুল জোছনা।
এই সে ছিল চরণ ছুঁরে,
এক্টি কোণে, এক্টু মুয়ে,
এখন সে যে হিয়ায় রাজে,
হরিণ-লোচনা!
সাহস পেয়ে, রয়েছে চেয়ে,
অধীর জোছনা।

সন্ধা থেকে আমার চোথে
ঘুমের নাহি লেশ;
জ্যোৎসালোকে তোমায় দেখে
স্থথের নাহি শেষ!
আমার ছায়া তোমার বুকে,
জ্যোৎসা সাথে ঘুমায় স্থথে,

# বেণু ও বীণা।

জ্যোৎস্না সাথে নয়ন পাতে রচিছে মাশ্বা দেশ। সন্ধ্যা থেকে আমার চোথে থুমের নাহি লেশ।

জ্যাৎস্নাটুকু মিলায়, বায়ু
দোলায় কেশ পাশ,
এখনি তবে প্রভাত হবে,
জাগিবে রশ্মি-ভাদ্।
ছিলনা বাধা, হরষ মনে,
চাহিয়া ছিন্তু তোমার পানে,
বিজন গেহ ছিলনা কেহ
করিতে পরিহাদ;
জ্যোৎসাটুক মিলায়, বায়ু


সফল আজি জীবন মম,
সফল জোছনা,
সফল তব ক্লপের রাশি
কমল-লোচনা!
ধৌত করি তারার মালে,
ধৌত করি যথির জালে,

দোলায় কেশ পাশ।

# 

পড়েছে ঝ'রে তোমারি 'পরে অমর জোছনা। জোংসা দেশে, রাণীর বেশে,

হরিণ-লোচনা !



# স্পর্মণি।

কহিতে কাহিনী আছে, গাহিবার' আছে গান!

যত দিন মনোবীণে ভালবাসা তুলে তান!

মলয় চলিয়া গেলে ফুল ত' ফুটে না বনে,
ভালবাসা ফুরাইলে সাড়া ত' উঠে না মনে;

দেবতা চলিয়া গেলে, দেউলে না দীপ জলে.
ভুলেও না উঠে তান—প্রেম যেথা অবসান।
ভালবাসা যদি, হায়, বারেক ফিরিয়া চায়,—
অরুণ চরণ দিয়া—হিয়া পরশিয়া য়ায়,—
ফুটে শত শতদল, ছুটে মধু পরিমল,
জে'গে উঠে কলগীতি—মন প্রাণ কানেকান!
গেয়ে না ফুরায় গান,—কথা হয় অফুরান্!

### রূপ ও প্রেম।

রূপ ত' হাতের লেখা, প্রেম সে রচনা;
রূপহীনা নহে প্রেমহীনা।
লেখার এ দোবে শুধু, স্পর্শিবেনা কাব্য-মধু?
প্রেম—বার্থ হবে রূপ বিনা?

কবি হ'তে শ্রেষ্ঠ কি গো কেরাণী মুহুরী ?
প্রেম হ'তে রূপের মাধুরী ?
কুরূপে—নয়ন বিনা কেহ ত' করে না ঘুণা,
প্রেম যা'র হাদয় যে তা'রি।


চাঁদের কিরণ সে ও লুটে তার পায়,
মলয়া সে কুন্তল দোলায়,
থৌবন-দেবতা করে রাজ্য—সে দেহের' পরে,
মনে প্রাণে বহে প্রেম-বায়!

তবে ফিরায়োনা আঁথি কুরূপ বলিয়া,

যেয়োনা গো চরণে দলিয়া,

নিশির স্নেহের গেহে, দেখো, রূপহীন দেহে,

প্রেমে রূপ উঠে উথলিয়া!



### মেঘের কাহিনী।

সপ্বর হ্রদে, জর্জ্জর দেহে, ঘুমায়ে আছিন্থ ভাই, লবণে জড়িত লহরের কোলে ঘুমেও স্বস্তি নাই; সহসা পূরবে, তরুণ অরুণ হাসিয়া দিলেন দেথা, আমি জাগিলাম, বুকে দেখিলাম অরুণ কিরণ লেখা!

কিরণাঙ্গুলি ধরি'

আমি, উঠিলাম ত্ররা করি', কম্পিত, ক্ষীণ, জর্জার তমু—ললাটে বহু শিখা।

তৃণ পল্লবে, নিম্ন বায়ুতে আপনার জালা ঢালি' উচ্চ গিরির উন্নত চূড়ে উঠিতে লাগিন্ন থালি ; কঠোর শিলার পরশে আমার নয়নে ঝরিল জল, ছল ছল চোথে লাগিন্ন উঠিতে—ছুঁইনু গগন তল।

ডুবিলেন দিননাথ,

. হাসি, পবন ধরিল হাত ; তৃষারের মত হ'য়ে গেল'দেহ, ফুরা'ল সকল বল।

বাতাদের সাথে ধরি হাতে হাতে গগনে ছুটিত্ব কত, পলে পলে ধরি অভিনব রূপ—থেলি বাতাসের মত ; চক্রমা আর গ্রহ তারকার সকল বারতা লয়ে'— বরষের পথ মনের আবেগে নিমেষে চলিমু ধেয়ে ;

কত যে হেরিম্ব, আহা, কভু, স্বপনে ভাবিনি যাহা! ওই ডাকে মোরে চাতক, ময়ুর, কবি—গান গেয়ে গেয়ে!

বিশ্বের ডাক শুনেছি আবার—হৃদয় ভ'রেছে স্লেহে, বিশ্বের প্রেমে পরাণ আমার ধরেনা ক্ষুদ্র দেহে; বুকে ধরি থর বিজলীর জালা বুঝেছি আপনি জলে' ধরণীর জালা; তাই ত' আবার চলিয়াছি মহীতলে। মরুতে যে বায ব'য়—

আর, করিনা তাহারে ভয় ; রঙীন মেথলা পরিয়া চলেছি আশা দিতে ফুলদলে।

আমারি মতন কত শত মেঘ জুটেছে আজিকে হেথা, কাজলের মত বরণ, গাহিছে জীমৃত-মন্দ্র-গাথা। চলিতে ছলিছে শত গোস্তন, পূর্ণ শাতল রসে, বেদনা তাপিতা আবেশে ঘুমায়, কবরী বন্ধ থদে;


টুটে কৃতচূড় জটা,
তাহে, ফুটে দামিনীর ছটা,
কুন্তুল ভার—ফ্লাকুল ধরার চোথে মুথে পড়ে এসে।

# त्वन् ७ वीना।

ঝর্মর রবে ঝরে বারিধার, শিথিলিত কেশ, বেশ;
গর্জন ধ্বনি সহসা উঠিল ব্যাপিয়া সর্বদেশ।
এ পারে বদ্ধ অট্টহাসিল, ও পারে প্রতিধ্বনি,—
সংজ্ঞা হারা'ন্থ, কি যে হ'ল পরে আর কিছু নাহি জানি।
জাগিন্থ যথন শেষ.

দেখি, আছি আমি ব্যাপি' দেশ, ভূতলে অতলে যেতেছে মিলায়ে আমারি দে তমুখানি!

আজ নাহি মোর জোছনা সিনান, কিরণে শিঙার নাই,
নাহি রামধন্থ-মেথলা আমার, নাই কিছু নাই, ভাই;
আজ আমি শুধু সলিল-বিন্দু, ভাই আজি মোর ধূলি,
চাঁদের মিতালি ভোলা যায়, করি' তার সাথে কোলাকুলি!
আমি, নহি নহি মেঘ আর,
এবে, জল আমি পিপাসার,
সার্থক আজি জন্ম আমার—যুগীরে ফুটায়ে তুলি।



### বর্ষায় ।

শ্রথ, পরিণত— কদম কেশর
ঝরিছে এ পাশে ও পাশে;
মৃদ্-বিকশিত কেতকীর রেণু
ক্ষরিছে বাতাদে বাতাদে।
মেঘ আদে যায় বারেবার,
ঝরে বারিধারা, কদম কেশর,
মিলে মিশে একাকার।

বহুদিন পরে চলিয়াছি গ্রামে,
নৃতন হয়েছে পুরাণ,
চোথের উপরে বেড়ে উঠে ধান,—
দায় হ'ল আঁথি ফিরান'।
নাচে বুলবুলি আর ফিঙে,
জাল ফেলে ফেলে জেলের ছেলেরা
রেয়ে নিয়ে চলে ডিঙে।

# বেণু ও বীণা।

ধীরে মন্থরে প্রামের ধরণে
চলেছে গ্রামের লোকেরা,
অলস গমনে জল বহে বধু,
মেঘে মিশে বায় বকেরা।
কা'রে নাম ধ'রে ডাকে দূরে,
দূর হ'তে তার ফিরে আসে সাড়া
মাঠে মাঠে ঘুরে ঘুরে।

গাভী সাথে লয়ে একা পথ দিয়ে
চলেছে চাষার ঝিয়ারী,
নৃতন বয়স, সরস শরীর,
চাহনি নৃতন তাহারি;
তা'রে এ দিঠি শিথা'ল কে গো পূ
বয়সের রীতি কে শিথায় নিতি
এ বিজনে, ব'লে দে গো ।


সে যে অপরূপ বরষার মত,—
আপনি উঠে গো ভরিয়া,
সে যে সচকিত দামিনীর মত
প্রাণ আগে লয় হরিয়া! •

# ८वन् ७ वीना ।

সে বে ধানের ক্ষেতেরি মত,—
চোথের উপরে বাড়ে পলে পলে

েডেউ উঠে শত শত।

সাথে গাভী লয়ে পশিল কুটারে
কিশোরী চাষার ঝিয়ারী,
পুলকে অমনি উঠিল ডাকিয়া
কুকুর—তাহার হুয়ারী!
হেথা জল নেমে এল হেনে,
একাকী নীরবে দাড়াইফু তবে
তা'দেরি আঙিনা কোণে।



### সারিকার প্রতি।


সারিকা ! কোথারে আজি—সাগরিকা—কোথা আজ, আঁকিছে কাহার ছবি, বলিতে কেনলো লাজ ?

়ে দেন ল্কায়ে রহি, গেছিলি সকলি কহি, আজিরে নীরব কেন—বনবীণা বাজ, বাজ।

আজিও তেমনি কিরে, কদলীর ছায়ে রহি, তপনের—মদনের—তন্তু মনে জ্বালা সহি,

শাতল কদলী ছায়
শ্যান রচিয়া, হায়,
বিভোরে আছে কি বদি দে আমার পথ চাহি ?

আজ' কি আমার ছবি—ফেলিয়া সকল কাজ—
আঁকিছে গোপনে, বালা, মলিন নলিন সাজ ?
আজ' কি হৃদয় 'পরে—
আমার মূরতি ধরে ?
আজ' কি তাহার মনে লীলা করে ঋতুরাজ!



## আকুল আহ্বান।

এস নাথ! এস নাথ! এস নাথ!
বসস্ত প্রভাত! স্থ-বসস্ত প্রভাত!
কোকিল সে কুহু কুইরিল,
শহরি উঠিল বন-বাত;
গুপ্পরি' অলি বাহিরিল
বকুল গন্ধ সাথে সাথ!
এস নাথ! এস নাথ! এস নাথ!

বকুল ঝরিয়া মরিল গো,
চম্পকও হ'ল পরিমান;
মৃচ্ছিত তাপে শিরীষ গুচ্ছ,
তত্মন আজি শ্রিয়মাণ।
'ফটিক জল'—'ফটিক জল'—
চাতক ফুকারে সবিষাদ;
আমি লাজভীতে নারি ফুকারিতে,
এস নাথ! এস নাথ! এস নাথ!

# বেণু ও বীণা।

নিদ্রিত পুরে বায়ু 'হাহা' করে, নিবিড় বর্ষণে কাটে রাত, কত যূথী ঝরে—কে গণনা করে ? হায় নাথ! হায় নাথ! হায় নাথ!

কদম কেতকে কানন ছার,
দাদ্রী আঁধারে কাঁদে রে,
ফুল সম হিরা ফুটতে চার—
তারে কে আজিকে বাঁধে রে!
কেতকী মলিন, নীপ রূপহীন,
কমল খুলিল আঁথি পাত;
জ্যোৎস্লা হাসিল প্লাবিয়া ধরণী;—
এদ নাথ! এদ নাথ!

উত্তরে হাওয়া ফিরিল গো.


উল্কী ক্কারে সারারাত;

তুমি এলে না—তবু, ফিরিলে না,
হায় নাথ! হায় নাথ!
হায় নাথ! হায় নাথ!

কুন্দ কাঁদিয়া তথে, হায়, ঝরিয়া মিশায় কুয়াদায়;



বিধবা কানন-বল্লরী
মলিন আকাশ পানে চায়।
দীর্ঘ যামিনী কাটে না আর,
না মূদে হায় নয়ন-পাত;
ডাকে তক্ষক—বন-রক্ষক;
হায় নাথ! হায় নাথ!



#### অবসান।

চলে या 3-97 शां, চলে यां 3,-বকুল ফুলেরে দলে যাও। হেথায় ধূলির মাঝে কে মুথ লুকা'ল লাজে,— সে কথা শুনিতে কেন চাও গ আঁধারে ফুটিয়া সে যে অাঁধারে ঝরিয়া গেছে. তার কথা—কেন গো স্থধাও গ তাহার রূপের ভার তারা ত' কুটেনি হায়, বড় আশা ?—ছিল না ত' তা'ও। ঝরিয়া পথেরি ধারে ছিল সে পড়িয়া, হা---রে চরণে দলেছ—ভাল—যাও। ধূলি মাথা একাকার, তার পানে রুখা আর




আকুল নয়নে কেন চাও ?

তা'রি সে শেষ নিশাস—

এখন' বহে বাতাস!

হেথা হ'তে—অবোধ—পালাও।




#### আলোকলতা।

মূল নাই, ফুল ফল পত্র নাই মোর, বাতাদে জনম মম, তরু শিরে বাস; তন্তু সম স্ক্র তন্তু, স্কুবর্ণের ডোর, যে মোরে আশ্রয় দেয় তা'রি সর্কনাশ।

চিনেছ ? 'আলোকলতা' বলে মোরে লোকে; যে মোরে আদরে শিরে ধরে আপনার— নিস্তার নাহিক তার, বেড়ি পাকে, পাকে, শ্রীহীন, লাবণ্যহীন, করি তত্ব তার,—

রস মরে, পত্র ঝরে, শরীর শুকায়, আত্মহারা আলিঙ্গনে—তরু—এ তন্ত্র,— সমাজ্ব পরশের মোহ-মদিরায়; প্রতিবাতে কাপে দেহ অসার তরুর।

শুকাইলে রুক্ষ, আমি, তবে সে শুকাই; আলোকের ধন, পুনঃ, আলোকে লুকাই!



#### সান্ত্রা।

বিফল যদি হয় গো প্রণয়—বিফল হ'তে দাও;
স্থথের পরে ছংখ পেলে—আর কি বেশী চাও?
তোমার মনের আকুলতা
বৃঞ্তে পারে তরুলতা,
মান্থয যদি না বুঝে তা'—সইতে হবে তা'ও।
প্রেম দিয়েছ প্রেমের ধনী,
দিয়েছ ঋণ—হওনি ঋণী,
রিক্ত তবু মুক্ত তুমি—সেই পুলকেই গাও।
প্রণয় হারিয়েছিদ্ ব'লে,
পড়িদ্নে ভাই ছংখে হেলে,
প্রেমের সঙ্গে প্রাণ যেতে চায়—তারেও যেতে দাও।

# दिव् ७ वीना।

# উদ্ভান্ত।

আন বীণা, বাঁধ তার, ঢাল সুরা, গাহ গান: যে গিয়েছে—কথা তার, কর আজি অবসান। যে ফুল গিয়েছে ঝ'রে. সে আর ফিরিবে নারে. যে পাথী মরেছে হায়—গিয়েছে সে চিরতরে: মোছ তবে আঁথি ধার—কাদিয়া কি হ'বে আর গ ঢাল স্থরা—করি পান, তোল গো নৃতন তান, শ্বশানে জনম যা'র—তা'র' কেন কাঁদে প্রাণ। আমার এ আঁথি দিয়ে অশ্রু বহে না গো. এ প্রাণ আপন বাথা কারেও কহে না গো. আমার বেদনা বুঝে, এমন পাইনে খুঁজে, এ জগতে যাতনার—পরিহাস-—প্রতিদান! পাষাণে পাষাণ হানি' তোল তবে কলতান ! বীণারে তুলিয়া লও, যত দিন আছে তার,— তোমার ব্যথায় হায় কাঁদিবে সে শতবার. কণ্ঠে মিলায়ে তান—গাহিবে করুণ গান. তাহারে ধর গো বুকে-কর শোক অবসান ; তোল ফিরে কলগান, পাষাণে বাঁধিয়া প্রাণ।

### वार्थ।

অতিথি ফিরিয়া গেছে. আগ্নৈজনে এখন কি ফল ? চাতক মরিয়া গেছে. আজি আর মেঘে কেন জল: গোলাপ ঝরিয়া গেছে, ফিরে যা' রে পবন পাগল। টুটিয়াছে স্থরার পেয়ালা, एक गाँउ नात्राह ए विशा: ভেঙেছে ত' ভেঙে যাক্ থেলা, ঘরে পরে কি হ'বে দৃষিয়া ? निर्मिनिन পঞ্জর-পিঞ্জরে মরা পাখী কি হ'বে পুষিয়া ? যামিনী পোহারে যদি গেল-এখন এ বুথা অঙ্গ-রাগ; নয়নের নেশা ত' ফুরা'ল,— মিছে কেন কথার সোহাগ ? नित्थ नित्थ माना र'न कान, ছিঁড়ে ফেল,—চিহ্ন ঘুচে যাক্। 

## ভ্ৰম্ট ।

আনন্দে অমৃত-গন্ধ আছিল তথন,
তীব্ৰ ছিল ছুঃথ অভিমান,
অমুভূতি তীক্ষ ছিল, পুষ্প সম মন,
ভালবাসা ছিলনাক' ভান।

তথনি সে পরিচয় তোমায় আমায়,
কত দিন—কতদিন গেছে ;
এত ঘনিষ্ঠতা,—শেষে, কে জানিত হায়,
অচেনার মত রব বেঁচে ?

তুমি তুবিয়াছ পক্ষে, আমি সশঙ্কিত,
মজি নিজে—কথন—কে জানে;
পাছে এ কাহিনী হয় অন্তের বিদিত,—
ফিরে নাহি চাহি তোমাঁ পানে।

হয় ত' হ'তাম স্থথী আমরা হ্র'টিতে,—
হেলা ভরে তুমি গেলে চলি';
প্রেম-শতদল হায় ফুটিতে ফুটিতে—
মনে পড়ে ?—গিয়েছিলে দলি'।

মামুষ পাষাণ হয়, কর কি প্রতায় ?

চেয়ে দেখ—সাক্ষী তার আমি;
ঠেকিয়া শিখেছি এবে, কেহ কার' নয়,—

সত্য কি না জানে অন্তর্যামী।

কেনা, বেচা, বেনেগিরি কানাকড়ি নিয়ে, হট্টগোল হাটের মাঝারে; ক্ষয় গেল সোনাটুকু যাচিয়ে, যাচিয়ে, প্রতিদিন দোকানে, বাজারে,—

অধরে যে হাসি ছিল—মিশেছে অধরে, জঙ্গলের ফুলের মতন; নম্মনে যে জ্যোতি ছিল, শুধু অনাদরে, নম্মনে দে হয়েছে মগন।



বে দিন পাঠায়েছিত্ব প্রেম-নিমন্ত্রণ—
অবসর হয়নি তোমার,
আজ তুমি উঞ্চর্ত্তি করেছ গ্রহণ,
কি অদৃষ্ট তোমার আমার!

ভেব'না যন্ত্রণা দিতে, গঞ্জনা, ধিকারে,
আজ আমি এসেছি হেথায়,
আপনার মত ভালবেসেছিত্র যা'রে—
তা'র কথা কা'রে কহা যায় ?

বাহিরে, যেথার তোরে করে পরিহাস—
স্কীণ-কণ্ঠে সেথা তুলি হাসি,
সন্তরে অন্তরে বাধা স্মৃতি-নাগপাশ,
সংগোপনে অশ্রুজনে ভাসি।

তব্ও কাঁদেনা প্রাণ পূর্বের মতন,— ,
অন্নুভূতি তীক্ষ নহে আর,
জেনেছি মৃত্যুর স্বাদ না যেতে জীবন ;
আজ' তবু, জাগে—হাহাকার!



## একদিন-না-একদিন।

একদিন-না-একদিন, কারো-না-কারো কপালে, ঘটেছে যা'—তাই নিয়ে ভাই বুথাই মাথা বকা'লে।

সীতার নামে কলম্ব আর লক্ষণেরে অবিশ্বাস,
ধানভঙ্গ শহরের ও ব্ধিষ্টিরের নরকবাস;
এমন সকল কাণ্ড যথন আগেই গেছে ঘ'টে,
তথন তৃমি থাাতির থেদে গরম কেন চ'টে ?
চ'ল্তে গেলেই লাগে ধূলো,
ধুয়ো তথন ও সব গুলো,
তা'ব'লে কি পথ দিয়ে, ভাই, চ'লবে নাক' মোটে ?


একদিন-না-একদিন, কারো-না-কারো কপালে, ঘটেছে যা' তাই নিয়ে ভাই বুথাই মাথা বকা'লে।

অরসিকে রসের কথার হয়ত' যাবে ভোলা'তে,
অপ্রেমিকে মনের বাথায় হয়ত' যাবে গলা'তে;
অঘটন যা' ঘ'ট্বে তা'তে—সেটা কিন্তু স্বাভাবিক!
কাজেই আ'তে বিলাপাদি, বেশী রকম, নহে ঠিক।

# त्वन् ७ वीना।

পরকে কেন মন্দ কই ? মনের মত নিজেই নই। 'স্থামাদের এই রোষ তৃষ্টি—অধিকাংশই আকস্মিক!

একদিন-না-একদিন, কারো-না-কারো কপালে, মটেছে যা' তাই নিয়ে ভাই বৃথাই মাথা বকা'লে।



## নৈশ-তপ্ণ।

জলের লীলা মিলিয়ে গেল নিবিড় আঁধারে,
আলোক মালা উঠ্ল ফুটে নদীর গু'ধারে;
নৌকা'পরে আলোক নড়ে,
নদীর জলে রশ্মি পড়ে;
উকি দিয়ে ঢেউগুলি তায় ছুট্ছে কোথা রে;
বৃঝি বা কোন্ ঘুর্নি দিয়ে অতল পাথারে।
পরাণ আমার কেমন তা'তে হ'ল যে বিকল,
প'ড়ল ঘন শাস, চোথেও প'ড়ল এসে জল !

অম্নি ক'রে আমার মনে উঁকি দিয়ে হায়,
কতই হাসি-মুথের ছবি নিমেষে লুকায়;
কেউ বা ভালবেসেছিল,
মধুর মৃছ হেসেছিল,
কার কাছে বা সে টুকুও হয়নিক' আদায়,
কেউ বা গেছে মানে মানে, কেউ ঠেকেছে দায়।

# বেণু ও বীণা।

সবার তরেই আজ্কে আমি হ'য়েছি বিহবল; উঠ্ছে ঘন খাস, চোথেও প'ড্ছে এসে জল।

কেউ ভুবেছে অতল জলে, ভেসেছে বা কেউ—
ছুটে আসে ক্লের পানে মথিয়া শত চেউ;
কেউ হরষে জলে ভাসে,
কূলের পানে চেয়ে হাসে,
কেউ বা ভাসে চোথের জলে, ত্রাসে মরে কেউ;
কূলে বসে উদাস মনে কেউ বা গণে চেউ,
আজ্কে আমি স্বার তরেই হয়েছি বিহ্বল,
প'ডুছে ঘন শ্বাস, চোথের শুকায় নাক' জল।

যে কেউ মোরে ক'রে গেছ স্নেহের অধিকারী,—
নয়ন জলে জানাব আজ আমি সে স্বারি ;
জানিয়ে যাব আর' বেশী,
হয়নি যেথা মেশামেশি,—
গটেছিল যেথায় শুধু মিলন নয়নেরি,—
জানিয়ে দেব অশ্রজনে আমি তাহাদেরি।
আমি যে আজ স্বার তরেই রেথেছি কেবল,
একটা ঘন শাস, চোথের একটি ফোঁটা জল।



#### মৎস্থা-গন্ধা।


দ্বীপে উষা এল কুয়াসায়,—
কোলের মান্ত্ব চেনা দায়,—
চারি ধারে ঘিরি' তা'রে;জলের আক্রোশ,
বাহিরে রোধের ছায়া-—অন্তরে সন্তোধ।
হিম রাশি ফণা তুলে ধায়,
মংশ্র-গন্ধা তরণী ভাসায়।

তরী চলে ডুবায়ে মৃণাল,
হাতে তার আদ্র কালো জাল;
দৃঢ় মুঠি—টানে জাল, পড়েনিরে মীন!
হ'য়োনা মলিনা বালা আজি ভভদিন;—
জালে ধরা দেছে পরাশর!
তরী'পরে দোনার বাসর!

কোথা দিয়ে কাটে দিন রাত, ঋনি নাহি মুদে আঁথি পাত;

# दिव ७ वीवा।

ধীরে ধীরে মিলাইল—কুয়াসার ঘর,
কাটায়ে মোহের ঘোর উঠে পরাশর।
মংস্ত-গন্ধা—পদ্ম-গন্ধা আজ,
কোলে তার শিশু 'ব্যাস' করিছে বিরাজ!



#### আলেয়া।

"পুড়ে মরি—পতি নাহি পাই, কোথা পা'ব জুড়াবার ঠাই ? জালার অবধি মোর নাই।

দিন রাত শুধু হাহাকার, খাস-বায়ু অনল আমার, মৃত্যু হ'ল—গেল না বিকার!

জলে মরি নিজের জালায়,

ঘূরি তাই বিজনে জলায়,

মোর পিছে-–কেন এস, হায়!

ফিরে যাও পথিক, পথিক, মাড়ায়োনা কথন' এ দিক্, এ পথের নাহি কোন' ঠিক্।

## द्वर् ७ वीगा। ७

ধ্ব-তারা নহি আমি ভাই, আলেয়ার পোড়া মুথে ছাই, পুড়ে মরি—পতি নাহি পাই।

শীতল হইবে তকু ব'লে—
মাঝে মাঝে ডুবি গিয়া জলে.
উঠিলে দিগুণ পুনঃ জ্বলে।

মুথ দিয়া উগারি অনল, পবন ছড়ায় হলাহল, ক্ষণকাল—সকলি বিকল।

আবার যা' ছিল হয় তাই, শাস্তি নাই—যন্ত্রণা সদাই, পরিণাম হ'ত যদি ছাই।

ভাবিতাম বেঁচে স্থথ নাই, এবে দেখি মরণেও তাই, পুড়ে মরি—পতি নাহি পাই।'



#### সহ্মরণ।

'জিজ্ঞাসি'ছ পোড়া কেন গা' ? শুনিবে তা' ?—শোন তবে মা— চুথের কথা ব'লব কা'রে বা। জন্ম আমার হিঁতুর ঘরে. বাপের ঘরে, পুর আদরে, ছিলাম বছর দশ: কুলীন পিতা, কুলের গোলে. ফেলে দিলেন বুড়ার গলে; হ'লাম পরের বশ। আচারে তার আসত হাসি. ---ব'ল্ব কি আর পরকাশি,---মিট্ল সকল সাধ;---হিঁতর মেয়ে অনেক ক'রে শ্রদা রাথে স্বামীর 'পরে. . তা'তেও বিধির বাদ।

# বেণু ও বীণা।

বুড়াকালের অত্যাচারে,—
শয্যাশায়ী ক'ব্লে তা'রে,
 জেগেই পোহাই রাতি ;
দিন কাটেত' কাটেনা রাত,
মাসেক পরে গেল হঠাং,—
নিব্ল জীবন বাতি ।

\* \* \*
কতক তথে, কতক ভয়ে,
শরীর এল অবশ হ'য়ে
ভাঙ্ল স্থেথর হাট ;
থ'য়ের রাশি ছড়িয়ে পথে,
চ'ল্ল নিয়ে শবের সাথে,—

যেথায় শ্রশান ঘাট।


প্ত ড়িয়ে শাঁথা, সবাই মিলে,
চিতার মোরে বসিয়ে দিলে,
বাজ্ল শতেক শাঁথ;
লোকের ভিড়ে ভরেছে ঘাট,
ধুঁইয়ে উঠে চিতার কাঠ,
উঠ্ল গর্ম্জে ঢাক।

( ? · )

রোমে, রোমে, শিরায়, শিরায়, জালা ধরে,—প্রাণ বাহিরায়,— মরি বুঝি ধোঁয়ায় এবার। আচম্বিতে---চীৎকার বোলে---চিতা ভেঙে, পড়িলাম জলে, মাঝি এক নিল নায়ে তার। যত লোক করে 'মার মার'. আমার ত' সংজ্ঞা নাই আর: যবে ফিরে মেলিল নয়ান. দেখি, এক কুটারের মাঝে সেই মাঝি—আছে বসে কাছে.— যে মোরে জীবন দেছে দান। कश्रमिन (शल अधू कांमि'; শেষে তারে করিলাম 'সাদি'. ভুলিলাম ক্রমে যত ক্লেশ; আগুনে গিয়েছে জ'লে রূপ, তবু ভালবাদে পোড়া মুখ, স্থথে ছথে দিন কাটে বেশ।

# বেণু ও বীণা।

থেয়া দেয় মরদ জোয়ান,
আছে আর' দেড় বিঘা ধান ;
আমি নিজে মিশি বেচি মা,—
শুনিলেত'—পোড়া কেন গা'!'



## চিত্রাপিতা।

কে তুমি মহিমাময়ী, অয়ি চিত্রাপিতা, ধরিয়াছ বীণা-ছাঁদে শিশুরে আপন ? কচি ম্থ থানি তার, চুলে ভরা মাথা, দেথাইছ স্বেহভরে; করিয়া গোপন

নিজ ম্থ, মাতার উচিত মহিমায়; আকর্ষিতে দৃষ্টি শুধু সস্তানের 'পরে, নিজরূপ অপ্রকাশ রেথেছ হেলায়; জননী তুমিই বটে—বিধাতার বরে।

নেথা যায় শিরে রুক্ষ কবরী তোমার,—
প্রবাসে কি পতি তব ? য়্রোপবাসিনী !
পাশে যে কুকুর তব—হায়. সে কাহার ?—
কোথা তিনি ?—সেথা কি যায় না ছবি থানি ?

তাই কি, নম্বন জল করিতে গোপন,— বসেছ—ফিরায়ে হায় মু'থানি আপন ?

# त्वन् ७ वौना। ॰

### মমতাজ।

হে স্থন্দরী, অয়ি মমতাজ !


শোন গো তোমার জয়,
শোন সৌন্দর্যোর জয়,
বিশ্বময় শুধু ওই আজ !

সৌন্দর্য্য-দেবতা তুমি রাণী!
প্রেমের প্রতিমা তুমি,
তোমার সমাধি-ভূমি—
প্রেমিকের চির মৌন বাণী!

সম্রাটের মমতা-পুতলী !

মোমের রচিত দেহ,
ফুলের রচিত গেহ,
ছেড়ে তুমি কোথা গেলে চলি' ?

তোমার তত্ত্বর অন্তরাগে,
দেখগো, পাথর কিবা
পুঞ্জিত ফুলের শোভা
ধরিয়া, তোমারে ঘিরি' জাগে!



সমাটের রত্নময়ী তাজ !
ইইদেবী শাজাহাঁর,
দেখিলে না একবার—
কি ধনে মণ্ডিত তুমি আজ ?

# বেণু ও বীণা।

### যাত্রবর।


যাগ্রঘরের কবাট পড়ে,
মায়াদেবীর টনক নড়ে,
যেথায় ছিল বে,--মায়ার কলে,---নৃতন বলে,--উঠ্ল সে বেচে !

#### মমি।

পাশ মোড়। দিয়া, ঢাকন ঠেলিয়া, জাগিয়া উঠিল 'মমি' . মিশরের যত বুড়া যাতকর দাঁড়া'ল তাহারে নমি'।

পুঁড়া হ'য়ে পড়ে পুঁথি, বেশবাস,
পুঁড়া হ'য়ে ঝরে চর্ম ;

যত চাহি তত মনে বাড়ে জাস,
তত বাহিরায় ঘর্ম !



বাম হাতে ত'ার কবিতার পুঁথি, হরিতালে মোড়া মুথ, নয়ন কোটরে অতল আঁধার ; তুরু তুরু কাঁপে বক।

অতি ক্ষীণ স্বরে, কহিল, সে ধীরে,
সোঙরিয়া 'রমেশেশ্',—

"নীল নদ নীরে ঘন শরবন,
তীরে সে মিশর দেশ;

আমি সে দেশের রাজার সভায় ছিলান প্রধান.কবি : আজি কেহ নাই বুঝিতে সে বাণা,— বুঝিতে সে বব ছবি।

কমলের বন হয়েছে উজাড়,
মূণালে সে শোভা নাই;
কালি যেথা ছিল রাজার প্রাসাদ,—
বিজন আজি সে ঠাই।

## त्वन् ७ वीना।

মরেছে হরিণ, হ'ল বহুদিন,
ছিল তবু মৃগনাভি;—
তিলে তিলে ক্ষ'য়ে মোর গাথা সনে
ফুরাইবে—তাই ভাবি।

আছিল বথন মিশরের দেহে
শক্তি-সতেজ প্রাণ,—
পৃথিবী তথন স্থপতি কলার
পায়নিক' সন্ধান।

স্নায় ও শিরায়, যবে, হাতে, পা'য়, ক্ষীণ হ'য়ে এল বল,— স্তপতি, ভাস্কর, কবি, চিত্রকর, বাঁচিতে করিল কল !

কুপের দলিল ছড়াইতে মাঠে শুকায়ে উঠিল কৃপ, পাথরের চাপে মরেছে মানুষ, পুরী মক সমরূপ! (

# বেণু ও বীণা।

কে দেখিবে ছবি, প্রতিমা, দেউল,
কে শুনিবে আজি গান ?
মরিয়াছে মৃগ তৃষায় পাগল,—
বোঝেনি—মকুর ভাগ।''

পাশ মোড়া দিয়া চাকনের তলে
ঘুমারে পড়িল 'মমি',
কে কোণা লুকা'ল কিছু না বৃঝিন্ত
উঠিন্ত যথন নমি'!

\* + \*

যাত্ত্যরে অন্ধকার!
ঘোরে কত জানোয়ার!
ভাকে কত পাখী,

মাছ কিল্ কিল্, সাপ হিল্ বিল্, শিলা মেলে আঁখি।

তা' সবে এড়ায়ে ছাড়ি হাঁফ,
তাড়াতাড়ি—একেবারে নেমে পড়ি, গোটা কুড়ি ধাপ ;
'মায়ার সহিত
আসি উপনীত—'
যেথায় সাজান' শুধু পাথরের চাপ।

## ८वनू ७ वीना। ॰

## यक-मृद्धि ।

তা'রি মাঝে, দেখিলাম অপরপ—পাষাণে খোদিত, এক মনোরম—মদনের যূপ !

মন্ত যক্ষ-রাজ,

ম্রজার লাজ—ভাঙিতে, যতনে এত, তব সে বিরূপ !

শিশু-কাম দিতেছে বসনে টান.
কুবের সাধিছে ধরি'---- 'রতিফল' করিবারে পান ;
বাধা দিলা, তার--দ্বিশুণ বাড়ায়.
আঞ্জন জলিলে আব নাহি পরিত্রাণ।

"কণা রাখ— আর ফিরায়োনা মুখ, এবার—পড়েছ ধরা, স্থথে যে দিগুণ দেখি বুক! মুখে শুধু রোষ, মন পরিতোষ, কি যে স্বভাবের দোম-—তবু দিবে তথ!'

## বেণু ও বীপা।

কত বুগ অমনি কেটেছে, হায়,
সাধিতে বিরতি নাই, তবু মুথ কভু না ফিরায়!
তবু, পেতে হাত—
কাটে দিন রাত,
মূলে সে হাবাত হ'লে, কি হ'ত উপায় ?

কত যুগ অমনি গিয়েছে চ'লে!
ধরিয়া রয়েছ, তবু, আনিতে পারনি তারে কোলে;
আর তুমি,—পাণে,—
কুরিত উল্লাদে,—
স্থির যে র'য়েছ আজ'—দে পাষাণা ব'লে।

# বেণু ও বীণা।

## মমির হস্ত।


(5)

কার দেহে, কোন্ কালে, লগ্প ছিলে তৃমি,—
নীলিমা-মণ্ডিত, ক্ষ্দ্র, কন্ধালাগ্র কর ?
তার পর কত গেছে সহস্র বংসর—
রক্ষা-লেপে লিপ্ত হ'য়ে লভিয়াছ ভূমি ?

কবে সে—কবে সে হায়, গেছে তোরে চুমি',
মানবের সঞ্জীবন তপ্ত প্রচাধর
শেষ বার ? হায়, কত যুগ যুগাস্তর
আাগে, শিশুর আাগ্রহে স্পশিয়াছ তুমি

জননীর বৃক ; কত খেলিয়াছ থেলা,—
কত নিধি উৎসাহে ধরিয়া ফেলে দেছ,— '
প্রথম যৌবনে কত করিয়াছ লীলা ;
নব রক্তোচ্ছ্বাসে সাজি, কতই থেলেছ—

লয়ে নিজ কেশ, বেশ, নয়ন, অধর আজ অস্থিসার—তবু মুগ্ধ এ অস্তর ! '




( > )

রাজদণ্ড হয় ত' গো ধরিয়াছ তুমি, আজ তুমি কাচ পাত্রে কৌতুক-আগারে! আজ গ্রাহ্ম কেহ নাহি করে গো তোমারে, দিন ছিল, হয় ত' কৃতার্থ হ'ত চুমি'।

জনমিয়া ছুঁ য়েছিলে কোথাকার ভূমি, আজ তুমি কোথা, হায়, কোন্ দূর দেশে। আজ ভালবেসে তোমা' কেহ না পরশে, প্রত্ন্বজ্ঞের এবে ক্রীড়নক তুমি।

ওই তুমি—চিস্তাজ্বর করেছ মোচন,— গোপন করেছ হাসি, মুছেছ নয়ন ; ওই তুমি—হয় ত' গো করেছ রচন ফুলহার,—কার' তরে কুস্কম শয়ন!

দেহচ্যুত, অবজ্ঞাত, হায়রে উদাসী. ভালবাসা চাহ যদি—আমি ভালবাসি !



## ভাক টিকিট।


ভাক টিকিটের রাশি—আমি ভালবাসি,

যদি তা' পুরাণ হয়—ব্যবহার করা,
ছেঁড়া, কাটা, ছাপমারা, স্বদেশী, বিদেশী;—
তা' সবে প্রশি' যেন হাতে পাই ধরা!

য্কুরাজ্য, চিলি, পেক, ফিজি দ্বীপ হ'তে,—
মিশর, স্থান, চীন, পারস্থা, জাপান,
তুর্কী, ক্ষা, ফ্রান্স, গ্রীস হ'তে কত পথে
এসেছে, চড়িয়া তারা কত মত যান!

কেহ আঁকিয়াছে বুকে—নব সুর্য্যোদয়,
শাস্তি দেবী—কার' বুকে—তুষার পর্বত,
হংস, জেব্রা, বরুণ, শকুনি, সর্পচয়,
কার' বুকে রাজা, কার' মানব মহত;—

যুগ্ম হস্তী, যুগ্ম সিংহ, ভ্রাগন ভীষণ, দীপ্ত স্থ্য, স্থ্যমুখী, ফিনিক্স, নিশান,




ময়্র, হরিণ, কপি, বাষ্প জলযান, দেবদূত, অদ্ধচন্দ্র, মুকুট, বিষাণ !

কেই আনিয়াছে বহি' পিরামিড-কণা! কেই বা এসেছে মাথি' পার্থিনন-ধূলি! নায়েগ্রা-গর্জন বিনা কিছু জানিত না,— এমন ইহার মধ্যে আছে কত গুলি!

কেহ বা এনেছে কার' কুশল সংবাদ—
মাথি' মুখামৃত, বহি' সাগ্রহ চুম্বন !
কেহ বা পেতেছে নব বাণিজ্যের ফাঁদ;
কেহ অনাদৃত, কার' আদৃত জীবন!

সকল গুলিই আমি ভালবাসি, ভাই, সমগ্র ধরার স্পর্ল পাই এক ঠাঁই!




## উল্কা।

তিমিরের মদীলেপ নিমেষে বুচায়ে
বিশ্বচিত্রপট হ'তে,—পরিক্ষুট করি'
প্রত্যেক পল্লবে, শাথে, তৃণে, জলাশয়ে,
দেউলে, প্রাসাদে, পথে,—ফুটাইয়া, মরি,

ভুজপাশে বদ্ধ সহচরে,—চকিতের মত, জ্যোংস্থা-থও-রূপে হার, চকিতে আবার কোথায় ডুবিলে উল্লা ? তারা লক্ষ শত মুদিল নয়ন, হেরি এ দশা তোমার।

কোথা ছিলে ? কোঁথা এবে চলিয়াছ, হায় !
হুৰ্য্যতেজে পুড়িতে কি পড়িতে ভূমিতে ?
অথবা, অনন্ত কাল অভিশপ্ত প্ৰায়—
অনন্ত অতলে শুধু বহিবে নামিতে ?

ছিলে কি জীবের ধাত্রী পৃথিবীর মত ? কিম্বা চির বন্ধ্যা, শুধু, ধ্বংস ভোর ব্রত!




## श्वर्न-त्राधा ।

স্বৰ্ণ জিনি বৰ্ণ তোৱা, নয়ন-রঞ্জন,
স্বৰ্ণ-গোধা ! ভ্ৰম হয় স্বৰ্ণময় ব'লে,—
তমু তোৱা । মুণ্য কিন্তু তোৱা প্ৰশন ;
নাহি জানি কালকেতু ভূলিল কি ছলে।

সেকি তোরে ভেবেছিল খণ্ড স্থবর্ণের ? বরাবিত তাই বুঝি গেছিল কুড়াতে ? শেষে নিজ ভ্রাস্তি বুঝে—সম্মারে পর্ণের— তীরে বিঁধে এনেছিল অনলে পোড়াতে।

স্থির তুমি থাক যবে, উজ্জ্বল বরণ ! প্রীতি লভে বিমুগ্ধ নয়ন ; কিন্তু হায় অঙ্গভঙ্গী আরম্ভিলে—আপনি নয়ন দুণা ভরে মুদে যায়, ফিরে নাহি চায়।

জড়মতি রূপদীর অপরূপ হাদি,—
মন হ'তে ধেমন মুমতা দেয় নাশি।




## প্রবাল-দ্বীপ।

তিমিরে, তিমির অস্তি যেথা হয় শিলা, ছিদ্রময় স্পঞ্জ-পূষ্প যেথায় বিকাশ, সেই সাগরের তলে, স্থথে করে বাস— প্রবাল-দম্পতী এক ;—নিত্য নব লীলা!

দিনে দিনে প্রবালের বাড়ে পরিবার, কেহ জীয়ে, কেহ মরে—রাথিয়া কলাল, পঞ্জরের বাড়ে স্তূপ, যত যায় কাল; অজ্ঞাতে পুরণ করে ইচ্ছা বিধাতার।

ন্তুপীকৃত বুগান্তের প্রবাল-পঞ্চর—
কোটি কোটি প্রাণ-পাতে হ'রে সংগঠিত,
কোটি সদম্বের রক্তে হ'য়ে স্করঞ্জিত,—
একদিন তুলে শির সিন্ধর উপর!

পলি পড়ে, শঙ্খ চরে, জাগে নব দীপ, ধৈর্যাশীল প্রবালের যশের প্রদীপ!




## আগ্ৰেয় দ্বীপ।

পার্ষে তা'রি,—সাগরের গূঢ় তলভূমে,
আচধিতে সমুখিত মহামন্ত্রব,
আচধিতে মাটি ফাটি', পর্বত ভৈরব
ভূলে শির; স্তব্ধ উশ্মি ভয়ে তা'রে নমে।

আগ্নের উৎপাতে ত্রস্ত জল-জন্ত-দল,—
কাল ক্রমে পুনঃ যবে হইল নির্ভয়,—
থামিল কম্পন, দূরে গেল তাপ চর,
দেশান্তের পান্ত পাথী করি' কোলাহল—

উদ্যে গেল ;—পড়ে গেল চঞু হ'তে তা'র বিশ্ময়ে—-শস্থের শীষ অভিনব দ্বীপে ; শ্রামল হ'ল সে কালে জীবের আগার, দাঁড়াইল মৌন মুখে বিধাতা সমীপে।

একে ধৈৰ্য্য অলোকিক! অন্তে তেজোবল! তপস্থার—প্ৰতিভার—প্রিপূর্ণ ফল।



### मूल ७ कूल।


কুল—শুধু দেখাইতে চায়
আপনারে রৌদ্রে জোছনায়;
সমীরে করিতে চায় খেলা,
সারা বেলা রঙ্গ করে মেলা।
অলি বলে দাড়া' ওলো যুঁই।
এই ছুঁই—এই তোরে ছুঁই।''
কুল বলে "গুলেছি হাওয়ায়—
আয় অলি এই বারে আয়।"
পাতা পরে মাথা যায় ঠুকে,
অলি সে পলায় অধামুখে!

মূল—শুধু লুকাইতে চায়
অন্ধকারে মাটির তলায়;
থেলাধূলা গিয়েছে সে ভ্লে,
কথন্ বা দেথে মাথা তুলে ?
কাজ—কাজ—জানে শুধু কাজ,
কাল যথা তেমনি সে আজে।

## বেণু ও বীণা।

মাটি হ'তে শোষে শুধু রস,— পাতা ফুল রাথে সে সরস, কাজ সদা—নাহিক কামাই, ফুল দল—বেচে আছে তাই।

ফুল সে রাজার মত থাকে,
মূল সে চাষার মত পাঁকে!
মাঝে, শাথা পাতার সমাজ,—
গন্ধ, রস, ভুঞ্জে তিন সাঝ।
ফুলহীন মূল কত আছে,
মূলহীন ফুল কই বাচে 
ফুল ঝরে—কুটে পুনরায়,
মূল গেলে সকলি ফুরায়।
ফুল তবু উচ্চতেই থাকে!
মূল সে চাষার মত পাঁকে!



#### ঝড় ও চারাগাছ।

ঝড় বলে "উড়ে গেল বড় বড় গাছ,—
এথন' আছিদ্ ? আয়. উপাড়িব তোরে।''
"থাক্, থাক্'' বলে চারা "না-না থাক্ আজ,''
না শুনিয়া কথা, তারে. ঝড় ধরে জোরে।

পাড়ে ভূমি পরে আহা; একি ! অকস্মাৎ উঠে চারা, মল্ল সম আক্ষালি' পল্লব,— রক্তবীজ যুঝে যেন আপনি সাক্ষাৎ,— লয়ে পড়ে ভূঁয়ে, তবু, যুঝে অসম্ভব।

হর্ষে রবি ঢালে শিরে সোনার কিরণ, শ্রাস্তি বিদ্রিতে মেঘ হর্ষে ঢালে জল, বৃষ্টি জলে রৌদ্রে মিলে—হীরকে হিরণ, প্রদান তিন লোক,—হাদে পরীদল।

লক্ষায়, পলায় রড়ে, ঝড় দেশ ছেড়ে, ত্রিলোকের আশীর্নাদে চারা উঠে বেড়ে।

# 

## জীবন-বন্থা।

শাস্তি মগন নৈশ গগনে একি নব উচ্ছাস। স্পন্দিত করি' লক্ষ তারকা জাগিছে রশ্মি-ভাস। বঙ্গসাগরে করি' আজি স্নান. গাহিছে সমীর প্রভাতেরি গান. জুড়ায় নয়ান, জুড়ায় পরাণ, হাদ্রে জগং হাদ্ ! টটেছে তন্ত্রা, . গিয়েছে স্থপন, ওই শোন শোন কল আলাপন, উঠিবে অচিরে উজল তপন, নাহিরে নাহি তরাস। উকি দিয়ে হাসে ত্রিদিব-কন্তা, বাধ ভেঙে আমে কিরণ-বন্তা, স্রোতে ফুল পারা ভাসে ডুবে তারা, নয়ন মেলে আকাশ।

## বেণু ও বীণা।

যুগ ৰুগ ধরি' তামসীর মাঝে--নিক্ষল আঁখি মেলিয়াছিল যে.— নিশা শেষে দিশা লভিল, সে আজ লভি' নব আশ্বাস। নাহি ভয় আর নাহি শোক চিতে. নিদার শেষে নব শক্তিতে— মানবের হাটে ছুটেছে বাঙালী ধবি' নব অভিলাষ। কে রোধিতে পারে পথ আজি তার? কে বাধিতে পারে নিঝর-ধার গ ক্ষদ বামন চরণ ছায়ার ত্রিলোক করিবে গ্রাস। বাজাও শঙ্খ, বাজাও বিষাণ, মুক্ত গগনে উড়াও নিশান, (আজি) কিরণে, তপনে, পবনে জীবনে, অভিনব উল্লাস !

## कान् (मर्भ।

(বাউলের হুর)

কোন্ দেশেতে তকলতা—

সকল দেশের চাইতে শ্রামল ?
কোন্ দেশেতে চ'ল্তে গেলেই—
দ'ল্তে হয় রে দ্র্কা কোমল ?
কোথার ফলে সোণার ফসল,—
সোণার কমল ফোটে রে ?
সে আমাদের বাংলাদেশ,
আমাদের বাংলা রে !

কোথায় ডাকে দোয়েল খ্রামা—
ফিঙে গাছে গাছে নাচে ?
কোথায় জলে মরাল চলে—
মরালী তার পাছে পাছে ?
বাবুই কোথা বাসা বোনে—
চাতক বারি বাচে রে ?
সে আমাদের বাংলাদেশ.

আমাদেরি বাংলা রে !

## रवन् ७ वीना। •

কোন্ ভাষা মরমে পশি'—

আকুল করি' তোলে প্রাণ ?

কোথায় গেলে শুন্তে পা'ব —

বাউল স্থরে মধুর গান ?


চণ্ডীদাসের—রামপ্রসাদের—

কণ্ঠ কোথায় বাজে রে ?

সে আমাদের বাংলাদেশ,

আমাদের বাংলা রে !

কোন্ দেশের ছর্দশায় মোরা —
সবার অধিক পাই রে ছথ ?
কোন্ দেশের গৌরবের কথায়—
বেছে উঠে মোদের বুক ?
মোদের পিতৃপিতামহের—
চরণ ধূলি কোথা রে ?
সে আমাদের বাংলা দেশ,
আমাদের বাংলা রে!



#### হেমচন্দ্র।

বঙ্গের ছথের কথা, সদা করি গান, গ্রথের জীবন তব হ'ল অবসান,— হে কবীক্র ! হেমচক্র । চলে ভূমি গেলে,— সে কি গাহিবারে গান দেবসভা তলে ? বাসবের সভাতলে কি গাহি'ছ গান ?--ভারত-ভিক্ষার কথা ৪ কিমা ভিন্ন তান,---গাহিছ,--কেমনে বাস করিল পাতালে ত্ব'ত্ত ব্ত্রের তাদে, বাসব সদলে, পরাজিত অধামুথ: বণিতে তাদের-গাহিতে গাহিতে হায়-- চাহিছ কি ফের অতি নিমে-- পরাজিত ভারতের পানে ? ---তোমার সে মাতৃভূমি--স্থা যা'র স্তনে,-ত'ার কথা স্মরি' কি ঝরি'ছে আঁখি জল গ জিজ্ঞাদে কি অশ্রুর কারণ দেবদল গ कि विनाद. शांत्र कवि, कि मिरव छेखत ? অস্তর্যামী জানিছেন তোমার অস্তর।

## ছুর্য্যোগ।

কি বেন মলিন ধূমে, কি বেন মলস ঘুমে, আকাশ রয়েছে ঢাকা, সব একাকার; ছায়া-য়ান তক শির, প্লাবিত তটিনী তীর, বিরাম বিশ্রাম আর নাহি বর্ষার!

উষার কনক হাসি, আর না জাগায় আসি' হৃদয়ে উদ্দাম আশা, আনন্দ অপার; এখন নিশির শেষে, রুগ্ন বালিকার বেশে— জীবন জাগায় এসে—মরণ সাকার!

তাপহীন, দীপ্রিহীন, এমনি চলেছে দিন ;— বঙ্গের এ তর্গ্যোগের নাহি বৃঝি শেষ! এ জল ফুরাবে না রে, এ আঁথি শুকাবে না রে; ঘুচিবে না বৃঝি আর এ মলিন বেশ। কত দিন আলো নাই, ভুলে যেন গেছি তাই, কে বলিবে ছিল কি না ?—মূকের স্বপন ; কবে নাকি, স্বৰ্ণ ছবি, পূরবে গৌরব রবি উঠেছিল একবার, হ্মগো স্বরণ।

কিরণ পরশে তা'র দেশে এল হর্ষভার,
সে দিন প্রথম, বুঝি, সেই দিনই শেষ;
এসে ছিল পথ ভূলে, তাই স্বরা গেল চলে,
প্রভাত সে না পোহাতে শৃস্ত হ'ল দেশ !

প্রিয়জন উপহার— শুকাইলে ফুলহার,—
তবু কি ফেলিতে তা'রে পারে কোন' জন ?
গেছে বর্ণ, গন্ধ যত, কর্কশ গাঁটার মত,—
তবু সে যে প্রিয় শ্বৃতি, যতনের ধন।

তাই—পূর্ণ অনুরাগে, আজিও হৃদয়ে জাগে সে কাহিনী, মেঘে যেন ক্ষণপ্রভা থেলে; জানি সে বিফল, হায়, নাহি প্রাণ শৃস্ত কায়, আগুনের গুণ কিগো ভক্ষে কভু মেলে?

## त्वन् ७ वौना। •

এল গেল নিশি দিন, মলিন, লাবণাহীন, এ বরষা ফুরা'লনা, শুকা'লনা জল; আকাশ, পৃথিবী নাই. দাড়াবার নাহি ঠাই. প্লাবনে হয়েছে এক অকুল অতল।

আমরা ড়বিয়া আছি, মরেছি কি বেচে আছি জানিনা, প্রকৃতি মাগে', ডেকে নে জুড়াই; দক্ষিণ হয়ার খুলে ডুবাও গো সিন্ধুজলে, হয়েছি পরের বোঝা—ঘরের বালাই।

সেথা নাহি ভেদাভেদ, নাহি মা মনের ক্লেদ, চেকে দে বঙ্গের মুথ, বেচে কাজ নাই; অবাধ অনস্ত জল, নাহি তীর, নাহি তল, মুক্ত পথে ছুটে যা'ব,—দে না মাগো তাই।

তা' যদি দিবিনা, তবে, দেখাদ্নি ও বিভবে,—
শরতের শুত্র হাসি, বসস্ত-বিলাস;
যাহারে সাজে, মা, হাসি, তাহারে দেখাদ্ আসি—
বিচিত্র বরণে আঁকা তোর 'বার মাস'।

# 

যা'রা জগতের কাছে নতশির হ'য়ে আছে,
জগতের কোন' কাজে নাহি যা'র যোগ;
হাদয়ে নাহিক বল, জীবনে তা'র কি ফল ?—
আলোকে পুলকে তা'র শুধু কম্মভোগ।

দিদ্না, মা, নাহি চাই. আমাদের কাজ নাই—
সদর-মাতান' তোর নব রবিকর;
থাক্ এই অন্ধকার, মলিনতা বরষার,
ক্ষুদ্র মোরা, কুছু মোরা, জগতের পর।


বরষার নিবিড়তা দিক্ প্রাণে আকুলতা, আপনা চিনিব তব্, আপনা চাহিয়া; সৌন্দর্য্য নিবিয়া যাক্, ধরণী ভূবিয়া থাক্, আপন দারিদ্রা শুধু উঠুক্ ফুটিয়া।

অস্তহীন অবসাদ, দিক্ প্রাণে নব সাধ,—

যেতে জগতের কাজে উৎসাহ দিগুণ;
আয় বরষার ধারা, আয় গো আঁধারি' ধরা,

কালিমা ঢেলে দে, হৃদে—জেলে দে আগুন!

আধিন ১০০৭ সাল।



### বঙ্গ জননী।

কে মা তুই বাবের পিঠে বসে আছিদ বিরদ মুখে ? শিরে তোর নাগের ছাতা, কমল মালা ঘুমায় বুকে ! চল চল নয়ন যুগল জল ভরে প'ড্ছে চুলে, কাল মেঘ মিলিয়ে গেল তোর ওই নিবিড় কাল চলে, শিথিল মুঠি,—ত্রিশূল কেন ধরার ধূলা আছে চুমি' পূ কে মা তুই কে মা খ্রামা—তুই কি মোদের বঙ্গভূমি ? মা তোর ক্ষেতের ধান্তরাশি জাহাজ ভ'রে যায় বিদেশে, অল্ল-সুধা গরল হ'রে ফিরে আসে মোদের পাশে, বনের কাপাদ বনে মিলায়, আমরা দেখি চেয়ে, চেয়ে, অন্নবসন বিহনে হায়, মরে তোমার ছেলে মেয়ে ! বল, মা খ্রামা, স্থাই তোরে, মোদের এ ঘুম ভাঙ্বে না কি 🤉 ধন্য হ'তে পারবো না মা তোমার মুখের হাসি দেখি ? ত্রিশূল তুলে নে মা আবার রূপের জ্বোতি পরকাশি, ভয় ভাবনা ভাসিয়ে দিয়ে হাস আবার তেম্নি হাসি ! চরণতলে সপ্ত কোটি সন্তানে তোর মাগেরে— বাঘেরে তোর জাগিয়ে দে গো, রাগিয়ে দে তোর নাগে রে : সোনার কাঠি, রূপার কাঠি,—ছুঁইয়ে আবার দাও গো তুমি, -গৌরবিণী মৃতি ধর—ভামাঙ্গিনী—বঙ্গভূমি ধ



## 'স্বর্গাদপি গরীয়সী'

বঙ্গভূমি ! কেন মাগো হইলে উর্বরা ? তাই, মা, নয়ন বারি ফুরা'ল না তোর ; স্বর্গ হ'তে গরীয়সী জন্মভূমি মোর, এ স্বর্গে দেবতা কই ? দেখা'য়ে দে ত্রা।

বল্ মোরে, কোন্ হেতু, স্থপ্ত আজি তারা ? অথবা, মগন কোন' তপস্থার ঘোর ? কবে ধ্যান ভাঙিবে গো,—নিশি হ'বে ভোর ? কবে, মা, ঘুচিবে তোর নয়নের ধারা ?

অস্থ্যরে ঘিরেছে, হায়, কল্প-তরুবরে, দেবতার কামধেরু দানবে ছহি'ছে! আজি হ'তে অথেষি' ফিরিব ঘরে, ঘরে, কোথা ইন্দ্র ?—ব'লে দেগো, কাঁদিদ্নে মিছে।

সে যে তোরে অস্থি দিয়ে গ'ড়ে দিবে অসি ; অমি বঙ্গ ! অমি স্বর্গ ! অমি গরীয়সী ! ১

আবাঢ় ১৩০০ সাল।

## বেণু ও বীণা। ু——

#### আশার কথা।

জননী গো—আজি ফিরে,—
জাগিতেছে তব সস্তান সব
গঙ্গার উভতীরে!
বাড়িতেছে তব কুটীরে,
লালিত তোমারি কধিরে,
সস্তান কোটি কোটি গো,
দৃঢ় উন্নত শিরে!
আর নহে কেহ অস্ক্থী,
জননীর ভার শিরে আপনার
তুলিয়া লয়েছে বাস্ক্কী,—
শত সহস্র শিরে!

উজ্জ্বল হাসি আননে,
কেমাণী বাজিতেছে সিন্ধুর তীরে,
কর্কুরী বাজে কাননে;
নব সঙ্গীত গাহিছে,
নুতন তরণী বাহিছে,

# বেণু ও বীণা।

পরাণ নৃতন চাহিছে,—
বিশ্ব-বিহারী নৃতনে !
দথিণে গেছে অগস্তা,
পশ্চিমে গেছে ভার্গব, যেথা
হুর্যা না জানে অস্ত !
গেছে রযু প্রাগ্জ্যোতিষে,
বিশ্ব ক্রেকে দলে দলে দলে

বিশ্ব ছেয়েছে দলে, দলে, দলে,— ভিক্ষু, শ্রমণ, বোধীশে ;— দীপ্রি বহি' তিমিরে !

ধনপতি সে শ্রীমস্ত,—

সিংহল-জয়ী বিজয় সিংহ,—
কীত্তি-কথা অনস্ত!
জ্ঞানে, বিজ্ঞানে সিদ্ধ,
বীর্য্যে—উদার, স্লিগ্ধ,
আচারে জগং মৃগ্ধ,
সেবায় নহেক' ক্লাস্ত;—
এ হেন সস্তান, আজ,
আইল কি পুনঃ আলয়ে তোমার,—
গ্রুচায়ে তৃথ, ভয়, লাজ ?

# বেণু ও বীণা

তোমারি মন্ত্র-ভাষা গো,—
পূত, স্থললিত, সঙ্গীত জিনি'
সে—মানস পরকাশা গো ;—
জাগিছে আজি সে ফিরে।

সপ্ত সাগর তীরে,—
তোমার সপ্ত কোটি সস্তান
শত কোটি হ'বে ধীরে!
(মোরা) নৌকা ভরেছি পণ্যে,
(তুমি) আশিষ' দূর্র্রা-ধান্তে,
জননী! তোমারি পুণ্যে—
(মোরা) সকলি পাইব ফিরে।
নৌকা—ছুটেছে অধীরে!
সাত ডিঙা ধন কোন্ প্রয়োজন ?
ঘিরিয়া কেলিব মহীরে;
অচিরে—কিয়া ধীরে।



## দ্বিতীয় চন্দ্রমা।

স্বপনে দেখিত্ব রাতে, হে ভারত-ভূমি, সাগর-বেষ্টিতা অয়ি মর্ক্তোর চক্রমা, কুহকী নিদ্রার বশে সংজ্ঞাহীন আমি,— শুনির মহিমা তব অয়ি বিশ্বরমা!

দেখিলাম, মহাকৃর্ম সাগরের তলে, বলিছেন মন্দ্রভাষে নাগদলে ডাকি', "খুলে দে বন্ধন যত, শিরেধর তুলে, অপুর্ব্ব এ ভূমি, আয় দেবলোকে রাখি।

পৃথিবীর গন্ধ নাই—নিকাম ভারত !
ধর্ম্মের ভবন চির ! দেব যোগ্য দেশ !
ধর্ম্ম বিভা পৃথিবীরে দিয়েছ নিয়ত,
এবে চক্র সনে প্রভা বিতর অশেষ ।"

সহসা দেখিলু, মুক্ত কপোতের মত উঠিলে অপ্বরে, তুমি, দিতীয় চন্দ্রমা ! চির জ্যোৎসা হ'ল ধরা, চির আলোকিত ; অতক্র যুগল-চন্দ্র—অপূর্ব্ব স্থ্যমা !

# दिव्यु ७ वीना ।

#### ধর্ম্মঘট।

বাদলরাম হাল্ ওয়াই---গরুর গাড়ীব গাড়োয়ান, ধশ্ব্যাঘটের মস্ত চাই দেখতেও ঠিক পালোয়ান। মোটা রকম বৃদ্ধিটা, তার কণ্ঠস্বর ও মধুর নয়, কিন্তু (য কাজ কর্মের স্থীকার.— কর্বেই তা স্থানিশ্য । ছ' ছ' দিনের शर्याघटा বিকিয়েছে সর্বন্ধ তার. অন্ন মোটে আর না জোটে তবুও গাড়ী যোতেনি আর! হোথার বত স ওদাগরে কামড়ে মরে নিজের হাত, সপরিবারে হেথায় সে শুকায়, ঘরে নাইক ভাত।

# বেণু ও বীণা।

হপ্তা গেল: পত্নী তাহার ছ'দিন আছে উপবাসে, যুত্তে গাড়ী ব'লতে গিয়ে, শিক্ষা ভালই পেয়েছে সে। শিশুটি তা'র ব্যাপার দেখে কাদতে যেন গেছে ভলে, শাস্তম্থী মেয়েটি আজ ভয়ে ভয়ে নয়ন তুলে। ছেলে মেয়ের কপ্টে সে যে মোটেই ছিল নাক' স্থাথে, স্পষ্ট সেটা লেখাই ছিল— তার সে বিষম কাল মুখে; তাবই সঙ্গে লেখা ছিল সদয়ের বল বিলক্ষণ, विकरे घूगां, विषय जानां. সবার উপর--- অটল পণ। ধনীর ধনের উপরে যে পরিশ্রমের আছে মান,---যদিও এটা নাই সে বোঝে নর সে তবু ক্ষুদ্ প্রাণ।

# 

বাদলরাম! বাদলরাম!
গরুর গাড়ীর গাড়োয়ান!
বাদলরাম! বাদলরাম!
দেথ্তে শুন্তে পালোয়ান!
ফুল্ম নহে বৃদ্ধিটা তার,
কণ্ঠস্বর ও মিষ্ট নয়;
কিন্তু যে কাজ কর্ম্বে স্বীকার,—
কর্মে সে তা' স্কনিশ্চয়।

त्वन् ७ वीना ।

#### পথে।

আমার ধূলায়—এত ঘুণা ;—
আর তুই ধূলা মেথে, গাড়ী থান্ পথে দেখে,
ধরিলি আমারে এদে কিনা!

আশ্রয় লইলি মোর কোলে,

ওরে, তোর নাহি ভয়, ভয়ের এ ঠাঁই নয়,

ধূলা দেছ,—মারিব তা' ব'লে ?

শোন্ ওরে পথের বালক,
দূরে চলে গেছে গাড়ী, এই বেলা তাড়াতাড়ি
বাড়ী যা' রে, থাকিতে আলোক।

চলে গেছে, যাক্—বাচা গেল ; আশ্রয় দিলাম তা'রে, সে বেশ ধুতির 'পরে— চিহ্ন এক রেখে গেল কাল !

সত্য কথা বলিতে কি ভাই, ধূলা দেখে হ'ল রোষ ; কিন্তু তা'র—কিবা দোষ ? পথই তা'র খেলিবার ঠাই। বেণু ও বীণা

দরিদ্রের শিশু সে যে হায়,
কোথায় আঙিনা তা'র নাচিবার—থেলিবার ?
পথে থেলে, ধুলা মাথি' গায়।

বিশ্বগ্রাসী, ওগো, ধনী দল !
দরিদ্রের সকলি ত'— করিয়াছ কবলিত,
পথ মাত্র আছিল সম্বল.—

ছেলেদের থেলিবার স্থান ;
তা'ও সহিল না আর,
তা'ও কর অধিকার ?
গাড়ী, ঘোড়া, আনি নানা যান !

বিভীষিকা দেখায়ে এ সব—
ইচ্ছা কি দরিদ্র দলে, পাঠাইতে রসাতলে ?—
ধনহীন—নহে কি মানব ?

# त्वन् उ वीना।

## অন্ধ শিশু।

শীর্ণ দেহ, শুদ্ধ তার মুখ, দৃষ্টিহীন-শিশু এতটুক্; জন্মেছে সে ভিথারীর ঘরে. জীবন বহি'ছে অনাদরে। পিতা মাতা কেহ নাই—কেহ নাই তা'র, সে এখন অপরের সহায় ভিক্ষার। অন্ধের ছথের নাহি শেষ. গীয়ে শীতে একই তার বেশ.— একট ভাবে সকাল বিকাল. পথে বদি' কাটায় সে কাল: কেহ বা দলিয়া যায়,---কেহ বলে 'আহা'. বাথিতের ছঃখ, হায়, কে বুঝিবে তাহা! না জেনে সে বসিল ফিরিয়া. পথ পানে পিছন করিয়া:— না জেনে প্রাচীর-পাদ-মূলে, হাত থানি পাতিল সে ভূলে। নিষ্ঠর নগরী ওরে, বিদ্রূপের ছলে, মনে হয়. বিধি তোরে ভর্ণ সিলা কৌশলে !

### त्वन् ७ वीना। ©

### অবগুর্কিতা ভিখারিণী।

ওরে বধু, গ্রামা-পথ-শোভা, আজি কেন নগরীর মাঝে ? क्रयरकत शृहनकी उड़े, বল্ আজি হেথা কোন কাজে ? তুই কি বিধবা নিরাশ্রয়া প স্বামীর শ্মিরিতি, শিশুটিরে বাঁচাইতে, ত্যজি' লক্ষা ভয়--এসেছিদ গ্রামের বাহিরে গ অথবা এ কি বে অভাগিনী কলঙ্কের নিশানা তোমার ? —ভেবেছিলে বালাই যাহারে. সাভনা সে আজি নিরাশার। কেন বাছা এনেছিদ শিশুরে ভিক্ষায় १— कॅारन इंटन,--निरंश या',--निरंश या':--জাননা ?—ভিক্ষায় তুমি এনেছ যাহারে, পিতা তা'র নিথিলের রাজা ।

### (तन् ७ तीना। ०

#### বিকলাঙ্গী।

নগরীর পথে, হায়,
কৌতুকের স্রোতে,
পাতিয়া বিশীর্ণ হাত—
প্রাতঃকাল হ'তে,
বদে' আছে পথে!

মুখে নাহি বাণী, গা'য়
ছিল্ল বাস থানি,
বয়স চৌদ্দের বেশী
নহে অনুমানি,
কুক্তা অভাগিনী।

মুথ পানে তবু, কা'র'
চাহেনাক' কভ,
যৌবন যদিও আজি
দেহে তা'র প্রভ্,-—
চাহেনাক' তবু;


# (वन् ७ वीना।

সরম-সক্ষোচে, তার

সর্ব্ধ দোষ ঘোচে;
কুকারে ঘিরিয়া, কুল—


ফোটে গোছে গোছে!

সর্ব্য—সক্ষোচে।




### 'কুস্থানাদপি'

স্বাগত, স্বাগত, বারাঙ্গনা। তুমি কর ভাব-উপদেশ; সোনা সে সকল ঠাই সোনা, যাই হ'ক পাত্র, কাল, দেশ। পীড়া পেলে পথের কুকুর, হও তুমি কাঁদিয়া বিব্ৰত ;— বাথা তা'র করিবারে দূর, প্রাণ ঢেলে সেবি'ছ নিয়ত। উঠিছে সে শ্বনিয়া, শ্বনিয়া, উদ্ধাৰ্থ উপাত নয়ন : শ্বসিয়া—ধ্বসিয়া পড়ে হিয়া— তোমার' যে তাহারি মতন। হাসে লোক কান্না তোর দেখে, ক্ষা-দৃষ্টি---উত্তর তাহার ! এত দিন কিদে ছিল ঢেকে-এ হৃদয়—উৎস মুমতার ৪



দেখি' তোর ভাব আজিকার— আনন্দাশ্র এল চক্ষু ভর্তির, বৃদ্ধ—তুমি—খ্রীষ্ট-অবতার,— দিনেকের—ক্ষণেকের' তরে!




#### বন্যায়।

বন্তায় গিয়েছে দেশ ভেসে।
বনস্পতি,—পাখী দলে, নিনীথে, জাগায়ে বলে',—
"প্রাণ বাচা'—পালা' মহ্য দেশে।

রক্ষা নাই আমার এবার, এবার আসিলে হানা, আর আমি টিকিব না, দেরি তোরা করিস্নে আর।"

দেখিতে দেখিতে এল হানা,
বনম্পতি,—গঙ্গাজলে, ছিন্ন মূল,—ভেসে চলে,
তবু তা'রে পাখীরা ছাড়ে না।

"এখন' যা" বলে' বনস্পতি;
পাখী বলে' "পুণ্য ম'লে— ভেসেছি গঙ্গার জলে;"
স্কুজনের এই ত' পীরিতি।



### (नवीत मिन्दृत ।

সারারাত, আহতের মত,
শোকাহত আচার্যা ভাস্কর,—
নিদাগত—শ্যা বিলুঞ্জিত,
তবু বাথা জাগে নিরস্তর।

অকস্মাৎ আসিল চেতন,

বক্ষ হ'তে নামেনি বেদনা;


বাস যেন পূর্বের মতন

সহজে করে না আনাগোনা।

"আজি দেশে দেবী-মহোৎসব,

ঘরে ঘরে বান্ত বাজে নানা;
সধবারা সাজিতেছে সব,

বিধবা লীলার তাহে মানা:



আছে লীলা বীজান্ধ চর্চায়,

মন যেন শাস্তির নিবাস;

সে ধৈর্য্য জানিনা কেন, হায়,

মোর মনে জাগায় তরাস।

ম্রিমতী শান্তি, মা আমার,
কোন' কথা নাহি তা'র মুখে;
তব্, তা'র মুখ-চাওয়া ভার,
শেল সম বাজে মোর ব্কে।

লীলাবতী—সন্নাসিনী বেশে—
করিতেছে দীর্ঘ উপবাস,
পিতা আমি, দেখিতেছি ব'সে,
চোথের উপরে বারমাস!

ভাকি' লহ মোরে যমরাজ !

ভাকি' লহ কন্তা পতিহীনা ;
পিতা হ'য়ে করিতেছি আজ,

শিস্তানের মরণ কামনা !

### दिन् ७ वीना। •


আজি দেশে দেবী-মহোংসব,—

এ উৎসব সকল হিন্দুর;

সধবারা চলিয়াছে সব,


পরিবারে' দেবীর সিন্দুর;—

ব্রাহ্মণী ! এদিকে এস, শোন,
এখনি করিয়া দাও দূর—
মূর্থ—যত দেবল ব্রাহ্মণ. বিশ্ব ।
পর' নাক' দেবীর সিন্দুর।



#### শিশুর স্বপ্নাশ্রত।

দোলার ভয়ে বুমার শিশু মায়ের কোলের মত, মায়ের নয়ন নিয়েছে আজ জাগরণের ব্রত। পল বিপলে, সকাল সাঁঝে, পাচটি মাসের ক্লেছ, হৃদয়টি তা'র ছাপিয়ে দিয়ে ভাসিয়ে দেছে গেই। হায় কিশোরী! নৃতন থেলা—মাতুষ পুতুল নিয়ে,— প্রদীপ করে, পলক হারা, তাই কি আছিদ চেয়ে ? বুমার শিশু, পল্লী বৃমার, বুমে জগং ছার, কাজল-কাল চোথের কোণে ঈষং হাসি ভার। হঠাৎ, কেন চোথ তু'টি তা'র, ছলছলিয়ে আসে, ঘুমের ঘোরে, শিশুর চোথে, কোন চুথে জল ভাসে १ ঝিত্মক বাটীর ঝনঝনা কি নিদ্রা ঘোরে ও শোনে ? তাই কি কাঁপে ঠোট ছ'ট তা'র—অঞ চোথের কোণে ? ভয় যে আজ' শেখেনিক' মান অপমান নাই,— কি বেদনায়, গুমের ঘোরে, তা'র চোখে জল ভাই গ শিশুর স্বপন—তা'ও কি নহে স্থথের ভগবান গ বিভীষিকার বিষম ছায়া তাতেও বিরাজমান ?



#### অধ্রুব।

থটের ধারে, বাতাদে তল্তল্, দেখেছিলান একটি ছোট ফুল .— রবির মালোয় মাহলাদে মাকুল। চটুল চোথে তারার মত চায়. হাত-লোভান,' মন-মজান' তা'য়. থটের ধারে ছুটেছিলাম, হায়। কত চডাই, কত না উত্রাই. তব্ও তা'র নাগাল নাহি পাই. ছিল আঙ্ল, আকুল চোথে চাই; এই সে দেখি, যায় না দেখা আর,— ওই সে পুনঃ. এম্নি বারে বার, এমনি ক'রে কাছে গেলাম তা'র। খাড়া পাহাড.— ফাটলে তা'র ফুল, শিলার ফাঁকে বাধিয়ে দে' আঙ্ল,— বাড়াই বাহু--- আবেগ সমাকুল।

# 


হঠাৎ—বায়ু বইল ঝুকঝুক,
হলয় তলে বিষম গুকগুক,
নিখিল যেন গুলছে গুকগুক!
গাছ দেখিনে, শুধু গাছের মূল,—
সাপের মত ঝুলিয়ে দে লাঙ্গুল—
গিরির গায়ে ঘুমেই চুলুচুল।
শুইয়া পড়ি—ঝুঁকিয়া পড়ি ধীরে,
পাইনে নাগাল,—রক্ত নামে শিরে,
নিমে তিমির, শিলায় দেহ চিরে।
এবার বৃঝি ঠেক্লরে আঙুল!
হঠাৎ—একি!—প'ড্ল খদে ফ্ল,—
খটেয় তলে, বাতাসে গুলগুল।

# বেণু ও বীণা।

#### স্থালিত পল্লব।

আফলাদে বনানী সাজে মুকুলে পল্লবে,
বসস্তের সারকের রবে !
নিবিড় শীতল ছায়,
রাগালেরা ঘুম যায়,
পাথী গায় মৃত কলরবে ;
গাছে গাছে কিশলয়,
নৃতনের গাহে জয়,
মৃত্যু জরা পাশরিয়া সবে ।

অকস্মাং ক্ষ্ম করি' পল্লবেব হদ,—
ক্ষম করি' বসস্ত-সম্পদ,—
স্তম করি' কলরব,—
পল্লবের জীর্ণ শব
লভিলরে নির্কাণের পদ।
কে জানিত শোভা মাঝে, '
মরণের পাংশু সাজে,
একজন পার হয় মরণের নদ ?
কাহার' হ'লনা ক্ষতি, গেল সে লুকায়ে,
নিভৃতে বস্তাটি শুধু উঠিল শুকায়ে।



## তুৰ্দিনে অতিথি।

সে দিন হঠাং বর্ষা পেয়ে, কামিনী ফুল ফুট্ল বনে; আমি তাহার এক্টি গুছু তুলে নিলাম পুলক মনে।

ঘরে এসেই দোয়াত হ'তে,
লুকিয়ে, ফেলে দিলাম কালি,
দোয়াতের সে ফুলদানীতে
ফ্ল্টি রেথে দেথ্ছি খালি ;
তামে, হঠাং, ঘরে

জোর বাতাসে, হঠাং, ঘরে

ঢুক্ল সে এক প্রজাপতি;

রইল রে সে সারাটি দিন,


একলা ঘরের হ'য়ে সাথী।

অতিথ্ হ'ল আমার ঘরে, প্রজাপতি আপন হ'তেই; ঝড় বাদলে, ছাড়্তে তা'রে, পারবনাত' কোন' মতেই।

#### त्वन् ७ वीना। •

কবাট দিলাম বন্ধ ক'বে. জানালা দিয়ে দিলাম তাই: সন্ধা বেলায় প্রদীপ জেলে. ভাবছি ব'দে কত কথাই। হঠাৎ, উড়ে, আলোয় প'ড়ে, প্রজাপতির জীবন গেল:---হায়, অতিথি। নয়ন জলে, নয়ন আমার ভ'রে এল। ছদ্দিনের সেই অতিথিরে. হায়, স্থদিনের স্থপ্রভাতে,— আমার স্নেহ-পাথের দিয়ে. পেলাম নাবে আর পাঠা'তে। আবার আমি তেম্নি ক'রে, অনল-দগ্ধ দেহটি তা'র. রেথে দিলাম ফলের 'পরে:---এঁকে নিলাম বকে আমার।

প্রাবণ ১৩০৪ সাল।




#### গোলাপ।

পলে, পলে,—আলোকে, পুলকে, ভবি' উঠে গোলাপ উষায়: স্থ্যুরিত পাপ্ড়ি, দিকে, দিকে, কচি ঠোটে কি বলিতে চায় গ রৌদের সাগ্রহ আলিঙ্গনে.— বায়ুর চুম্বনে, উষ্ণ খাসে,— গন্ধ-ধারা স্পজিয়া কাননে. त्कों कृकी तम-शतम, अधु शतम! অলি আসে—মধু লয়ে যায়, থাকে না সে কাজ সাঞ্চ হ'লে. গোলাপ সে মু'থানি ফিরায়, শ্রান্তি ভরে বস্তে পডে ঢ'লে। রক্তমুখী সন্ধার গোলাপ, ভাবে বৃঝি লাবণা বাড়িছে;— বিষ ঢালে দিনাস্তের তাপ. আর জীবনের আশা মিছে।

# रवन् ७ वीना।

নিশি আদে, শিশির নিষেকে—
শক্তি আর ফিরে নাক' তা'র,
শেষ গন্ধ ক্ষরে থেকে থেকে,
শেষ মধু,—নাহি নাহি আর।
তার পর নিশান্ত বাতাদে,
দলগুলি ঝরি' পড়ে, হার,
আলোকের তীব্র পরিহাদে,
ধূলি মাঝে গোলাপ লুটার।



### কুলাচার।

বর এল স্থতি-ধুতি-পরা,
গৃহে উঠে হাসির ফোরারা;
'শুনেছি বনেদী লোক,
তা'দের' কি ছোট চোথ—
চেলী কভু দেথে নি কি তা'রা ?'
গৃহে উঠে হাসির ফোরারা।

বাকা পটু জেঠা মহাশয়,—
বর পক্ষে সম্বোধিয়া, কয়,

''স্তি ধুতি বাবহার

এও নাকি কুলাচার ?

এমন ত' দেখিনি কোথায়।''
হাসি' কয় জেঠা মহাশয়।

বরের সে পিতামহ শুনি', .

( ব্যীয়ান্ নিষ্ঠাবান্ তিনি )


# 

কহেন ''বাপু হে শোন, কাহিনী অতি পুরাণ, পিতৃমুখে ভনেছি এমনি,— এসেছিল বৃদ্ধ এক মুনি ;—

এসেছিল সন্নাসী প্রবীণ বহুকাল আগে এক দিন; সে দিন মোদের গৃহে, বিবাহের সমারোহে,— দীর্ঘ জটা, কম্বল মলিন,— এসেছিল সন্নাসী প্রবীণ:—

দেহ গড়—উন্নত শিখর,
দন্ত শেত, হাস্য মনোহর,
দন্ধ প্রায় 'ধুনী' বেন
দীপ্রিমান্ হ'নরন,
দ্রুত পশে সভার ভিতর;
স্তন্তিত সকলে যোড় কর।

কহিলা, কাপায়ে সভাতল, 'শুভকাজে—একি অমঙ্গল গ



বিধান দিতেছি আমি,
কথা শোন গৃহস্বামী;—
(পুরোহিত! ভেব'না, পাগল,—
দক্ষিণা লইব শুধু ফল।)

চীনবাদ পোড়াও সকল, কাপাদ পরাও নির্মল,

ধনী পাদপের দান,—
কন্তা বরে শোভমান;
বুগা শিরে ল'য়োনা এ পাপ,—
জ্ব-জীব হত্যার সন্তাপ।'


মৌন সবে বেন মন্ত্র-বলে,
চানবাদ পোড়ায় অনলে;
নিষ্পাপ কাপাদ বাদ,
পুষ্প দম পুণ্য হাদ,
কন্ত্যা-বরে করিল প্রদান;
অন্তন্ধান দয়াাদী মহান!

সেই হ'তে বংশের গৌরব, সেই হ'তে সম্পদ বিভব,

# त्वन् ७ वीना ।

সে অবধি এ বিধান—
কুলাচারে অধিষ্ঠান,
সে অবধি সব স্থলক্ষণ,
পাপ প্রথা করিয়া বর্জন।''

চমৎক্ত সভামাঝে সবে—
সন্ন্যাসীর পুণ্যের প্রভাবে,
কন্সাপক্ষ, তাড়াতাড়ি,
কন্সার রেশমী শাড়ী
ছাড়াইয়া, কার্পাসে সাজায়!
নবোৎসাহে নৌবং বাজায়!



#### তিলক দান।


স্নান সারি' সকাল সকাল,
মিঠারে ভরিয়া ছোট থাল,
আপনি চন্দন যসি',
চারি বছরের 'উধী'
ফোটাঃদিল, হাসি এক গাল।

দিদি এল পিঠে ভিজে চুল, উষা-স্নানে শীতল আঙুল, স্নেহের গৌরবে তা'র, মুথে শ্রী ধরে না আর, মা বলিয়া মনে হয় ভুল!

কার্তিকের প্রভাত বাতাস এথন' ছাড়িছে হিম-শ্বাস,— চন্দন-পরশ, শিরে, জাগায় সে ফিরে, ফিরে,— জাগায় সে স্নেহের আভাস।

# বেণু ও বীণা।

আছি মোরা ছয়ারে দাঁডায়ে. পূর্ণ পথ—ছোট বড় ভায়ে: —আকুল তৃষিত চোথে, মলিন-বয়দে শোকে, মুখ পানে কে গেল তাকায়ে ? জডসড—গাঁতে করি' স্নান. পরিধান-ধৃতি পিরিহান, **५ ट्रांक म-- राइंडीन.--**-কোথা যাও হে প্রাচীন গ ত্মিও কি মোদেরি সমান १— ব্ৰীয়দী ভগিনীর গ্ৰে. চলেছ কি স্নেহের আগ্রহে ? অথবা, অভ্যাস বশে, মতীত মতের দেশে. খুঁজিয়া দিরি'ছ সেই স্লেহে ১ এস, এস, মোদের পুলক— পুনঃ তোমা' করিবে বালক। ক্ষ্ধিত ললাটে তব---মোরা দিব—মোরা দিব;— স্নেহদান-চন্দন-তিলক।



#### শিশুর আশ্রয়।

গোপালের মত শিশুটি;
মা তাহার এক বেণিয়ার দাসী,
দিনে বাতে কাজ—নাই ছুটি।

শিশু- -কাছে কাছে থাকে,
জল ঘাঁটে, কাদা মাথে,
ছুটে আসে শুনে মা'র স্বর; —
কবে অবসর হ'বে,
কবে তা'রে কোলে নেবে,
পা'বে ছেলে মায়ের আদর।

ট'লে ট'লে চ'লে যায়,

মা'র মুথ পানে চায়,

ট'লে ট'লে কাছে আদে ফের;

কাজে যেন বাস্ত কত,

হাত নাড়ে মা'র মত,

গিয়ে তা'র কাছেতে মুথের।

# বেণু ও বীণা।

মা তা'র উঠিবে বেই,
ছেলের আঙুল দেই,—
চোথে লাগে, দেথে অন্ধকার;
অমনি শিশুর পিঠে,
পড়ে চড় ত্র'চারিটে,
কাদে শিশু করিব হাহাকার।

ভয়ে ধেয়ে মা'রই কাছে গেল সে পাগল! মার থেয়ে—আগে ভাগে পেলে শিশু কোল



### হাদি-চেনা।

প্তরে দিদি, দেখি, দেখি,—একবার আয়,
প্তই ছষ্ট হাদি যেন দেখেছি কোথায়!

যে বুড়া হয়েছি আমি ভাই,

সব কথা ভূলে ভলে যাই।
প্তই যে চতুর হাদি সরল প্রাণের,
প্ত যেন কায়দাটুকু মধুর গানের;


হয়েছে,—ও হাদিটুকু, ভাই,

গা'র ছিল, দে ও আর নাই।

থাকিলে কি হ'ত বলা নয়ক' সহজ,
তো'তে আর তা'তে গোল বাধিতই রোজ ;
আর মনে তা'র ঠাই নাই,—
সে টুকু তোদেরি দি'ছি ভাই।
অতীতের তরে শোক ?—আমার ত' নাই ;
যা'রা গেছে, আমি দেখি, তোরাও তা'রাই !
ভূল হ'য়ে যায় সব ভাই,
বডা আমি—তাই ভূলে যাই।

# বেণু ও বীণা।

কচি হ'য়ে ফিরে আসে আমাদেরি মুথ,
আমাদের যৌবনের যত ভুলচুক,
চলা, ফেরা, সব—চেনা, ভাই,
চেয়ে, চেয়ে, দেখি শুধু তাই।
যা'র৷ গে'ছে— কোথা হ'তে তা'দের সে হাসি—
প্রতাহ নূতন মুথে ফুটে রাশি রাশি!
কৌতুকে রয়েছি ভাল, ভাই,
দ্যাণ্—আর বুড়া আমি নাই!



# বর্বীয়ান্।

নগরীর সঙ্কীর্ণ গলিতে—
পরিচ্ছন্ন পুরাণ কুটার ;
এক দিন সে পথে চলিতে
কুটারেতে দেখিলু স্থবির ।
আপন বলিতে, এ জগতে,
কেছ আর নাছি সে বৃড়ার,
তাই, যা'রে পথে দেখে বেতে,—
ডেকে বলে' যত কথা তা'র।


'টোটা'র বাবতা শুনি' ববে,
দেশে দেশে অসংথা দিপাহী,—
কলহ করিয়া কলরবে,
দলে, দলে, হইল বিদ্রোহী;—
অরাজক, হতাা, অত্যাচার,
লুট্পাট, বীভংস ব্যাপার;—
সেই কালে বহু 'রোজগার'।

ঘটেছিল অদৃষ্টে বুড়ার।

# 

দিন কত' খুব ধুমধামে—
কাটে কাল, আমোদে হেলায়,
অউহাদি যেথায় ত্রিযামে,
সেথা হ'তে কমলা পলায়।
তার পর বাবসা জ্রায়,
সম্পত্তি বিস্তর গ্লেল তা'র;
মরে গেল পুত্র ভ'টি হায়,
পত্নী গেল—ঘচিল সংসার।

"ঋণগ্রস্ত, বৃদ্ধ, অসহায়,
প্রহীন, সম্পদ-বিহীন,—
প্রতিবাসী—হেন গুর্দশায়,
ফিরে নাহি দেথে একদিন!
গঙ্গা স্নানে যদি কড় যাই,—
কগ্ন আমি, ঘটেনা প্রতাহ,—
সমুথে যা' পায়—লগ্ন তাই,
বলিবার নাহি মোর কেহ; '
বলিলে মারিতে আসে সব,
নহি তবু তা'দের প্রত্যাণী,
চোর হ'য়ে আছি কি যে ক'ব
এমনি স্কুজন প্রতিবাসী!



বুড়া আমি মোর'পরে এত উপদ্রব''—
কহে বৃদ্ধ, অকম্পিত-উদ্ধ-নেত্রে চাহি,'—
"ভগবান্ তুমি ইহা দেখিতেছ সব,
চাহিয়া তোমার মুখ এত আমি সহি।''
অত্যাচার, অস্তায়ের বারতা শুনিয়া,—
স্বার্থপর দর্পিতের শুনি' বিবরণ,—
বিশ্বাসী সে নিঃসহায় বৃদ্ধেরে দেখিয়া,—
মনে হয়—আছ তুমি—আছ ভগবন!




#### व्यत्रात्र (त्राप्त ।

ঘেদে ড়ানি চলে গেছে জল থে'তে নদে,
একা—মাঠে শিশু তা'র কাঁদিছে বসিয়া,
দিপ্রহর—নিরজন,—ক্ষীণকণ্ঠ কাঁদে,—
অপরূপ শন্দ-মায়া বাতাদে স্কৃজিয়া!

কাছে আনে প্রজাপতি,—নেনে আসে স্থর,
আবার বাড়িয়া উঠে;—বাতাসের বেগে
পতত্ব পলায় বেই—দূর হ'তে দূর;
বিশে আজি—কালা শুধু উঠে জেগে, জেগে।

হাতে এসে মনোজ সে পতক পলায়,
কালা সেত' চিরসাণী—আছেই সমান,
বাড়ে কমে ?—সতা বটে; পামেনা রে হায়,
হায় রে একান্ত একা শিশুর প্রাণ

কথন্ থানিবে কান্না,—আদিবে জননী, ফুরাণবে বিজন বাদ-—জুড়াবে পরাণী।




#### দেবতার স্থান।

ভিথারী দুমায়েছিল মন্দিরের ছায়ে;
সহসা ভাঙিল ঘুম চীংকার ধ্বনিতে,
জাগিয়া, চাহিয়া দেখে, পূজারী দাড়ায়ে,—
গালি পাড়ে, কোধে যায়, ধাইয়া মারিতে।

বিশ্বরে ভিথারী বলে' 'গোসাই ঠাকুর। বুঝিতে না পারি মোবে কেন দাও গালি, ভিক্ষা মেগে ফিরিয়াছি সারাটি ছ'পুর, শ্রান্ত বড়, তাই তেথা গুরেছিত্ব থালি।''

ক্ষিয়া পূজানী কহে ''চুপ্ বেটা চোর-নীচ জাতি,—জাননা এ দেবতার ঠাই ? মন্দিরের অভিমুখে পা' রাখিয়া তোর— এটা হ'ল আরামের ঠাই ?—কি বালাই !''

সে বলে ''পা' লয়ে তবে কোথা আমি যাই, এ জগতে সকলি যে দেবতার ঠাই!''




#### মেঘের বারতা।

নীল-মেঘপুঞ্জ হ'তে শৈতোর বারতা আসিছে, তাপার্ত্ত, ক্লিষ্ট ধরণীর 'পরে; আচম্বিতে জলে, স্থলে, কাননে, অম্বরে, বর্ষণে ধ্বনিয়া উঠে চচ্চরিকা গাথা!

কাঁপে তরু, পুলকে আপ্লুত পুষ্পলতা;
বৃষ্টি ধারা উঠে নাচি' বায়র প্রহারে,
বাতাহত-—বর্ধাহত—খ্যাম সরোবরে
স্ক-যৌবনা খ্যামাঙ্গীর লাবণা-গোরতা।

কালোতে বিকাশে আলো, মৃণালে কমল, গ্রাম পত্র-পুটে কুটে সোনার মঞ্জরী, তীর-বনচ্ছায়া-নীল, গ্রামল, কোমল, বৃষ্টিপাতে——সরসীর বিকাশে মাধুরী।

নীল মেঘ হ'তে আদে শান্তির বারতা, ধরায় লাবগ্য আনে অমরার কথা !



## অপূর্ব্ব সৃষ্টি।

স্বধর্মে স্থাপিলা ববে স্থাইেরে বিধাতা, (প্রতাপে তপনে যথা,) অদৃষ্ট আসিয়া নিভৃতে মদনে ডাকি' কহিল বারতা; বাহিরিল চুপে চুপে গু'জনে হাসিয়া।

কুহেলি' স্থাজিয়া তা'রা মাথায় তপনে,
তপন হিমাংশু হ'ল ; হেথা পুনরায়
নৈশ মেঘে চন্দ্র-ধন্থ রচিল গোপনে ;
কেবা স্থা-—চন্দ্র কেবা—চেনা হ'ল দায়!

শুধু তাই নয়, রৌদ্র স্পজিয়া শণার, পূর্ণিমার শুক্র মেঘে করিল স্থাপন; বিরহে মিশায়ে দিল স্মৃতি পিরীতির, মিলনে কল্লিত ভেদ করিল রোপণ!

শাপ দিলা অন্তর্গামী অদৃষ্ট-মদনে, 'প্রভু হ'য়ে হ'বে দাস মানব সদকে।'



### 'বাতাদী-মা'র দেশ।


জুলোর মত পাখার ভরে,
কোন্ ফুলের বীজ উড়েছে ?
কোন্ নেশেতে জনম লভি'
কোন বিজন গায় জুটেছে ?

ছেলেরা মেই ধরিতে ধায়,
অমনি উঠে বাতাদে, হায়,
কেউ বলে দে চাদের স্কৃতো
হাওয়াব স্লোতেই লুটেছে!

কেউ বলে ও বাতাদী মা'র কোন বিজন গায় ছুটেছে।

> সনাই মিলে উঠ্লো ব'লে শেষ, আমরা যা'ব বাতাদ্বী মা'র দেশ!

বেদুদশে লোক বসন ভরে, বাতাদে বীজ বপন করে,



বাতাদে হয় সোনা-ফদল, সোনার চেয়ে দেখ্তে বেশ!

> আজ্কে মোরা দেই দেশেতে যা'ব, আজ্কে গা'ব বাতাদী মা'র দেশ!

ভুলোর মত লঘু পাথায়.
বায় ভরে বাঁজ উড়ে যায়,
বায় মাঝে বপন, রোপণ,
বায়র মাঝে ফদল শেষ '

আজ্কে মোর৷ সেই নেশেতে যা'ব, আজ যা'ব রে বাতাদী মা'র দেশ!

# त्वनू ७ तौना।

### कीर्ग भर्ग।

স্থাের কিরণ করি' আড়,

দিব্য এক টগরের ঝাড়;

আকাশে বাড়িয়া উঠে বেলা,


ছেলেরা ছাড়েনা তবু থেলা,

বুড়াদের ভাঙেনাক' জাড়।


অকস্মাৎ পড়ে গেল চোথে,
টগরের পল্লবের ফাঁকে,—
কি এক সামগ্রী মনোলোভা,—
বিশ্ব ফল জিনি তা'র শোভা,—
রক্ত—যেন অপারার স্বর্ণ মলক্রকে।

কাছে গিয়ে, দেখিত্ব যা'শেষে,
কৌতুকে একাই উঠি হেসে;
সে নহে অমৃত-ফল, হায়,
জীৰ্ণ পাতা, রৌদ্রে স্বচ্ছ প্রায়,

• জীর্ণ তবু পূর্ণ বেন রসে !



তা'র কাছে সরস পল্লব,
কাস্তিহীন, দীপ্তিহীন, সব;
এ জীর্ণ পল্লব মাঝে, আজ,
স্কুস্থ, পুষ্ট, পত্রে দিয়া লাজ,—
বিকশিত সবিতার কিরণ-গৌরব।




#### অক্ষয়-বট।

জন্ম তব সতাসূগে, হে অক্ষয়-বট, শাস্ত্রে কহে , সতা কি ? কহ তা' মোরে তুমি বহু আশে এসেছি হে তোমার নিকট, ধন্তু সে, চক্ষে যে হেরে তব পীঠ-ভূমি।

ভাসিলা কি নারায়ণ তোমারি পল্লবে ? পিও দিলা সীতাদেবী তোমারি সাক্ষাতে ? সিদ্ধার্থ দেখিলা তোমা'—আর ভিক্ষু সবে ? বিক্রম বেতালে লভে—সে কি ও শাখাতে ?

বল মোরে বিবরিয়া ছল্পবেশ রাখি' পূর্ব্ব কথা,—সর্বতাপ বে কথা ভূলার ; ভূত সাক্ষী তুমি শাখী ; কতই না পাথী যুগে যুগে শাথে তব বেধেছে কুলায়!

সময়-সাগর-জলে মগ্ন অতীতের তুমি মাত্র চিহ্ন শাখী, পূর্ব্ব ভারতের।



### শিশুহীন পুরী।

সলিল-আলারে রাঙা শিথা ল'রে আজিও রয়েছে কমল-কলি; এ হেন শিশিরে হায়, কা'র তরে, জলে উঠে নিতি অনল জলি'!

তাম্ব্লের রসে রাঙায়ে রসনা নোনামুখী বন-জবার হাসি— ফুটিল আবার বনে বনে ওই, আজ কে দেখিবে তা'দের আসি' ?

কলায়ের স্থাটে প্রজাপতি কুটে,— প্রজাপতি লুটে বেড়ায় থালি; নারিকেল শিরে বেজে ওঠে ধীরে শত জোড়া ছোট হাতের তালি।


কাঠ-বিড়ালেরা মুথে মুথে করে ঘুর্নি ঘোরার হরষ-ধ্বনি ; কাছিমেরা দেয় রোদে গা-ভীসান, শালিকেরা ফেরে ফড়িং চুনি'।

# বেণু ও বীণা।

নীল-কদমেরা পথের উপরে
হ'রে যার হার শুকারে সাদা,
ঘাটের ফাটলে লুটার চামর,
রাশি রাশি ফুটে সোনার গাদা।

বনের কুস্কমে আদর করিতে
নাহি কেহ, নাহি শিশুর হাসি;
বনে, কুলে, ফলে, ছারা-তর্জ-তলে,
শুধু বিফলতা বেড়ার ভাসি'।

বিজন এ পুরী শিশুর অভাবে কে যেন জীবন লয়েছে কাড়ি', হরষ বিথার নাহি যেন আর, আনন্দ-দেবতা গিয়াছে ছাড়ি'!



#### পথহারা।

আকাশ পানে চেমেছিলাম, ছিলাম করজোড়ে, এক্টা কিছু মনের মাঝে তুলেছিলাম গ'ড়ে; আকাশ পানে চেমেছিলাম, স্বাতীর জলে নেমেছিলাম! হর্ষে ছিলাম, হঠাং চোথে প'ড়ল ধূলা এসে, ছায়াপথটি হারিয়ে গেল,—অশুজলে ভেদে।

দেখি,—প্রথম পারিনিত' চাইতে কোন'মতে,—
ছারাপথটি হারিরে গেছে সাদা নেবের স্রোতে;
আকুল হ'রে দিক্ ভূলেছি,
বুকের মাঝে গোল ভুলেছি,
কে—ছারাপথ চিনিরে দেবে, ছিনিরে ছারা হ'তে 
পরাণ-পাখী—ফিরুবে কিরে মেবের রচা পথে 
?

কে জ্যোতিপথ দেখা'বে হায়, দিব্য-রথে ল'য়ে ? ভেসে যাবে মেঘের ফেণা কোন্ সে বাতাস ব'য়ে ?

# বেণু ও বীণা

নীরব নিশি, ভাব্ছি একা,—
আজও কার' নাইক দেখা,
পরাণ-পাখী ফিব্বে নাকি তারার রচা পথে ?
তোলাপাড়া এই শুধু, হায়,—সে দিন সন্ধ্যা হ'তে।

दवनू छ वीगा। 

#### নাভাজীর স্বপ্ন।

'ডোম' বলি', ফিরাইর। মুথ, চলে গেন পূজারি ব্রাহ্মণ, নাভাজী নমিতেছিল গোবিন্দে তথন ; ছু'টি ফোঁটা অশুজলে, মন্দির সোপান, সিক্ত হ'ল; সে দিন সে আর, পথে যেতে গাহিল না গান।

কাটা বেত, চেরা—কাঁচা বাঁশ, কুনীর জয়ারে স্ত্পাকার,—
অন্ত দিন পরিতৃপ্ত হ'ত গন্ধে যা'র,
আজি তা'রে কোন' মতে পারিল না আর

বাধিবারে; দেখিলনা চেয়ে আপন হাতের দ্রবা-ভার।

কুটীরের রুদ্ধ করি' দার, ভূমিতলে রচিল শরান, রাধিলনা, থাইলনা, করিলনা স্নান; ধীরে—তক্ত্রা এল চোথে, মগ্ন হ'ল মন; দেখিল সে অপূর্ব্ব স্থপন,—ইষ্টদেব শিয়রে আপন!

"হে নাভাজী! ক্ষণ্ণ কেন মন?" জিজ্ঞাসিলা গোবিন্দ তথন, "কর বংস হরিদাস কবীরে স্মরণ, সে সব ভক্তের কথা করহ প্রচার, ব্রাহ্মণের দুর্গী হবে দূর,—মুণা কা'রে করিবেনা আর ।"

# 

#### 'রম্যাণি বীক্ষ্য'

ফাগুন নিশি, গগন-ভরা তারা, তারার বনে নয়ন দিশাহারা: কে জানে আজ কোন স্বপনে উঠেছে চাঁদ আনু গগনে, তারার গায়ে টাদের হাওয়া লেগেছে ! পেয়েছে সব চাঁদের যেন ধারা! আন গগনের চাঁদ, যেন হেথায় পাতে ফাঁদ; আর নিশীথের আলো---আজ হেথায় কিসে এল গ আবেক সাঁঝের গান. ফিরে জাগায় যেন তান; তারার বনে পরাণ হ'ল সারা। এ যেন নয় গীতি, এ যেন নয় আলো, ' দোলায় মনে নিতি, তবু কেমন লাগে ভাল .— তবু

#### दिन् ७ तीना। ◎ — •

মন যে মগন তা'তে, ফাগুন-মধু-রাতে,

মন চিনেছে আকাশ-ভরা তারা,— পেরেছে আজ চাঁদের যা'রা ধারা!

বিচিত্ৰ ওই আকাশ

দেয় নৃতন কত আভাস,

উষার আলো বাতাস---

যেন. শেফালিকার স্থবাস-

যেন. তারার বনে লেগেছে,

চোখে আমার জেগেছে ;—

মুক্ত রে আজ মর্ত্তা-ভূবন-কারা!

তারার বনে মন হয়েছে হারা!

## दिश्र ७ वीशा।

#### সন্ধা তারা।

( কীর্ত্তনের স্থর )

অরি মুগুলোজ্ছল তারাটি,

মম জীবন-সন্ধাা-গগনে;

অয়ি দিবা-কিরণ-ধারাটি.

কত শাস্তি বিতর ভ্বনে।

যবে উন্ন-সমীর-নিশাসে—

মম সদয় শুকায় নিরাশে.

ত্মি অম্নি আসিয়া.

যাতনা জুড়াও---

শান্ত শীতল কিরণে :--

गग जीवरन--- मन्ना-मगरन !

যবে ধূলায় ধূলায় নিলিয়া,

ঘন আঁধার আসে গো ঘিরিয়া,

আদি আকুল পরাণে

তোমারে দেখিতে

### त्वन् ७ वीना ।

नौलिम निश्त गगतन,

মম জীবনে—সন্ধ্যা-লগনে !

তুমি নিরাশার মেঘে ডুবোনা,

তুমি প্রলয়ের ঝড়ে নিবোনা,

শুধু অমনি আসিয়া,

হাসিয়া, হাসিয়া,

অমিয় ঢালিয়ো পরাণে;—

মম জীবন-সন্ধ্যা-গগনে।

জ্যৈষ্ঠ ১৩ - ৬ সাল।

### दिन् ७ वीना। ०~~~

### অমৃত-কণ্ঠ।


শুনেছি, শুনেছি কর্গ তব. পুনঃ, আজি বছদিন পরে, প্রাণে মনে জেগেছে উংসব, রোমাঞ্চ সকল কলেবরে!

উৎকর্ণ, উদ্গ্রীব হ'য়ে আছি, আবার শুনিতে ওই স্বরে !

নিশান্তের শুক তারা সম পরিপূর্ণ লাবণাের রসে, সঙ্গীত তােমার, নিরূপম! হর্ষ-ধারা অন্তরে বরষে;

দিবসে কোথায় ডুবে যায়, অতি ক্ষীণ, অতি মৃহ যে সে।

পূর্ণ, পুষ্ট গোলাপ মুকুল,—
নন্দনের লতাচ্যুত হ'য়ে,
তোমার ও সঙ্গীতে আকুল,—
অঙ্গে মোর পড়িল লুটায়ে,
প্রথম পাপ্ডি যে সময়ে, এলায়ে পড়িবে মধুবারে।



ও সঙ্গীত আঙুরের ফল,
মৃতকায় রদের ব্যথায়,
অধরের পীড়নে কোমল
ভেঙে পড়ে, এক্টি কথায়;
বিশ্ব—ছই, স্নিগ্ধ, স্নুমধুর রস দিয়া—মিলায় কোথায়।

বর্ষণান্তে মুক্তাফল সম,—
পল্লবাগ্রে যাহা শোভা পায়,—
সন্ধ্যাসূর্যা,—বাহে অনুপম
সপ্ত বর্ণে—আপনি সাজায়,—
সে যেন গো তোমার সঙ্গীতে, লয় দিয়া সলিলে মিলায়।

স্বাতী হ'তে ঝরি' যে শিশির
মহামণি হয় সিন্ধৃতলে,
তুলনা সে——আজি এ নিশির
অন্ধকারে যে স্থর উথলে;—
আনন্দ-চঞ্চল করি' মোরে, আকুল করিয়া তারাদলে।

জননীর চুম্বনের মত
ও স্থ-স্বর, পবিত্র, কোমল,—
মন্ত্রপূত, আশীর্বাণী-যুত,
হর্ব-ন্নিগ্ধ যেন শাস্তিজল;

সন্ত-ঝরা শেফালি পরণে, হ'ল যেন পরাণ শীতল!

## 

নক্ষত্র জানিত যদি গান,
ভাবিতাম গাহিতেছে তারা;
বাণীর বীণার মধু তান!
অমরার—অমৃতের ধারা!

তারার পরশ বুঝি পাও,—তাই গাও হ'য়ে আত্মহারা!

আঁখি কভ দেখেনি তোমায়, হে অনন্ত-আকাশ-বিহারী! ফের' তুমি তারায়, তারায়,— নক্ষত্রের কূলে কূলে. মরি,

পক্ষ যেন আঁথির পলকে,—আঁথির পলকে गाও সরি'।

বড় সাধ, শিশুকাল হ'তে, হে স্থক্ত ! চিনিতে তোমায় ; পাইনি সন্ধান কোন' মতে, পাইনি তোমায় পরিচয় ;

কত জনে সুধায়েছি নাম,—বলিতে পারে না কেহ, হায়!

স্থায়েছি কবিজন পাশে, স্থায়েছি কৃষক-বধূরে; কেহ শুনি' অন্তরালে হাসে, কৈহ হায় চলে যায় দূরে;

কোন্ দেশে জনম তোমার ? কিবা নাম—কে বলিবে মোরে ?

নাম তব থাকে, নাহি থাকে, ডাকিব 'অমৃতকণ্ঠ' ব'লে ; ভালবেমে যে যা' ব'লে ডাকে, তাহাতেই পরাণ উথলে ;

হে অমৃতকণ্ঠ! পাথী মোর, তোর গানে চক্ষু ভরে জলে।

গান-তব শোনে বহু জনে, না থাকে বা থাকে পরিচয় : শুনেছি হে, 'ওই গান শুনে, গর্ভশায়ী শিশু স্তব্ধ রয় ;

যতদিন নাহি এস ফিরে, ততদিন ভূমিছ না হয়।

গাও, তবে, গাওহে আবার, হর্ব-শিশু লভিবে জনম! স্থাপায়ী! চক্রিকা উল্নার কর পুনঃ স্লিগ্ধ মনোবম;

কোকিল পাপিয়া চাতকেরা স্তব্ধ হ'ল, গাও নিক্পম।

যাহা কিছু মনোজ্ঞ-মধুর,
যাহা কিছু পবিত্র-স্থলর,
যত আছে ঈপ্যিত-স্থূরর,
—চির মুগ্ধ আমার অন্তর—

বলে', পাখী, শীর্ষে স্বাকার--হর্ম-আগ্রুত ওই স্বর।

## त्वन् ७ वौना।

বহুদিন, বহুদিন পরে,
গাধী—তোর পেয়েছি রে সাড়া !
বহুদিন, বহুদিন পরে,
প্রাণ মোর পেয়েছে রে ছাড়া!

সাড়া দেছে অন্তরের বীণা, গানের স্পন্দনে পেয়ে নাড়া!

আজ, পাথী, সাধ হর ফিরে, ফিরিবারে তারায়, তারায়;—
বাগ্র চোথে, সমুল্লত শিরে,
চেড়ে যেতে পুরাণ ধরায়;—

বাঁশীর এক্টি রন্ধু খুলি', নিঃশেষিতে সঙ্গীতে স্বরায়।

তার পর, নৈশ অন্ধকারে, তোর মত যা'ব নিলাইয়া; কাজ নাই আনদ্ধ ঝন্ধারে, চলে যা'ব শুষিরে গাহিয়া;

যাহা গাই,—তোর মত যেন, যেতে পারি পুলক ঢালিরা।

তার পর, কে চিনে না চিনে, রাথিবনা সন্ধান তাহার ; কণ্ঠ যদি পূর্ণ হয় গানে ডোর মত, গাহিব আবার ;

-(বণীক্ষণ রহিব না আমি, গান শেষে রহিব না আর ।

হে অমৃতকণ্ঠ ! হে স্থদূর !

মূর্তিমান স্কর ! স্থাধার !

কণ্ঠ মোর করহে মধুর,

কর মোরে সঙ্গী আপনার.

গান গেয়ে, উল্লাসে উড়িয়া, দিব মোরা অসীমে সাঁতার !

বেদনার বন্ধনের পারে, চল, পাখী, লইয়া আমায় ;— কষ্ট,— যেথা, ফিরেনা শাঁকারে, সব বাথা সঙ্গীতে ফুরায় ;

ব্ৰানার একটি রক্ষ খুলি'—সব গান শেষ হ'য়ে যায়।

কর মোরে, অতমু-স্থন্দর ! পরিপূণ সঙ্গীতের রদে ; এই মহা তমিস্র-সাগর আদে যেন সঙ্গীতের বশে ;


তারার জনম দিয়া গানে, দীপ্ত কর এ বিজন দেশে।

অন্ধকারে, পথভাস্ত জন পায় যেন সঙ্গীতে আশ্বাস ;— গুচে যেন প্রাণের ক্রন্দন, ফেলিতে না হয় দীর্ঘশ্বাস,—

অন্ধকারে পায় দেখিবারে—জ্যোতির্ময় আপন নিবাদ!

## 

মুক্তি-শিশু—জ্মেনি এখন'
আছে কোন্ গানের প্রত্যাশে!
পাখী! পাখী! তোমার মতন
গান মোরে শিখাও হে এসে!
মুক্তি-শিশু আস্ক্ জগতে,—পূর্ণ হ'ক ত্রিলোক হরবে!



#### মমতা ও ক্ষমতা।

পক্ষি-শাবকেরে বটে সেই স্লেছ করে,—
দৃচ মৃষ্টি-বলে যা'র কাল ফণী মরে;
নহিলে র্থা সে স্লেছ,—শুধু মনস্তাপ;—
মমতা—ক্ষমতা বিনা, নিক্ষল প্রলাপ।



### त्वनू ७ वीना। ॰


#### নামহীন।

বর্ধাশেষ, স্থপ্রভাত, প্রসন্ধ আকাশ,—
মহাতাতি ইন্দ্রনীল মণির মতন;
জলে, স্থলে, ফ্লে, ফলে, লাবণা-বিকাশ,
পথ, ঘাট, সব—্যেন সবুজে মগন।

পুরাণ প্রাচীর থানি সবুজে সবুজ!
আর তা'রে কে বলে' কঙ্কাল-সার আজ ?
দেখ্রে নিন্দুক তোরা দেখ্রে অবুঝ,
লাবণ্যের বস্তা—মর্তো—মন্নের সাজ!


অতি ছোট ছোট গাছ—ছেয়েছে প্রাচীর, নেচে উঠে স-পল্লব আকুল উল্লাসে, রৌদ্র-ঝিলে করে স্নান, নত করি' শির, পাথী সম;—বিচঞ্চল মৃত্রল বাতাসে।

বল্ ওরে ছোট গাছ তোদের স্থধাই,
নাম কি রে—নাম কি তোদের ?
"নাম নাই, আমাদের নাম নাই, ভাই,
হর্ষে আছি,—হর্ষ দি'ছি—এই,—এই ঢের !"



### আকাশ-প্রদীপ।

অন্ধকারে জলে ক্ষীণ আকাশ-প্রদীপ, কতক্ষণ—আছে আয়্—কতক্ষণ আর ? হিম-সিন্ধ্ মাঝে রচি' ক্ষ্দু মায়া-দ্বীপ, সে কেবল রশ্মিটুকু করিল বিস্তার!



#### শাহারজাদী।

কল্পনা-নগরে, শত কবিতা স্থল্মরী, আনন্দে করিত বাস; সহসা একদা, কহিলেন লোকেশ্বর, "চাহি আমি নারী রূপবতী, ভাল মন্দ কুলে নাহি বাধা।" আনন্দে লাগিল দিতে যত পুরবাসী

আনন্দে লাগিল দিতে যত পুরবাসী
কন্তা নিজ; কে জানিত দিনেকের তরে

সে সম্পর্ক ? পোহাইলে বিবাহের নিশি,
কে জানিত, যা'বে তা'রা স্বপনের পুরে!

ভরে নাহি আর কেহ করে কস্তাদান ক্রিকেররে; পরিণাম জেনেছে সকলে; ক্রিরিয়া এসেছি তাই ভবনে আপন, মানসী কস্তারে মোর কহি' অঞ্জলে;—

ষা' রে বাছা ! লোকেশের কণ্ঠে দেহ' মালা ; শাহারন্ধাদীর ভাগ্য লভ' তুমি বালা !